

রণবীর-দীপিকার বিয়ের ভেন্যুতে আদনান-মেহজাবীনের হানিমুন -পৃষ্ঠ-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৯৮ ঃ মেহেরপুর- সোমবার ২৮ জুলাই ২০২৫ ইং ঃ ১৩ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ২ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

# মেহেরপুরে অনলাইন ক্যাসিনো ও কমিশন বাণিজ্য

## আইন অমান্যের আড়ালে দ্রুত অর্থপ্রবাহ



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে অনলাইন ক্যাসিনো ও জুয়ার প্ল্যাটফর্মকে ঘিরে গড়ে উঠছে নতুন ধরণের কমিশন ভিত্তিক অবৈধ অর্থবাণিজ্য। মোবাইল ব্যাংকিং অ্যাপ, আন্তর্জাতিক জুয়ার ওয়েবসাইট ও কমিশনভোগীদের সমন্বয়ে এই ছায়া অর্থনীতির বিস্তার ঘটছে শহর থেকে গ্রাম পর্যন্ত।

অনুসন্ধানে জানা গেছে, মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগরের বিভিন্ন এলাকায় এক শ্রেণির যুবক বিদেশি অনলাইন ক্যাসিনো অ্যাপে লোকজন রেফার করছেন। বিনিময়ে তারা পাচ্ছেন লেনদেনের নির্দিষ্ট হার অনুযায়ী নগদ কমিশন। স্থানীয়ভাবে একে ‘ রেফার বাণিজ্য’ বা ‘রেট মার্কেটিং’ বলা হচ্ছে। এ ধরনের প্ল্যাটফর্মের মধ্যে রয়েছে ড় ১ীইবঃ, ইবঃরিহহবৎ, গড়ংঃইবঃ, ঝষড়ঃগধহরধ প্রভৃতি। এসব অ্যাপে অ্যাকাউন্ট খুলে ফেলা অত্যন্ত সহজ এবং ব্যবহারকারীরা বিকাশ, নগদ, রকেটের মাধ্যমে টাকা জমা দিচ্ছেন মধ্যস্থতাকারী এজেন্টদের হাতে। এই পুরো প্রক্রিয়ায় থাকছে কোনো বৈধ ব্যাংক বা সরকারি সংস্থার তদারকি ব্যতীত, কেবল কমিশন ও বিশ্বাসের ভিত্তিতে। অনুসন্ধানে জানা গেছে, এক ধরনের তরুণরা এখন নিজেদের “রেফার ব্যবসায়ী”, “অনলাইন এজেন্ট” কিংবা “কমিশন পারসন” বলে পরিচয় দেয়। তাদের কাজ বিদেশি জুয়ার সাইটে ( ১ীইবঃ, গড়ংঃইবঃ, ইবঃডরহহবৎ, গবষনবঃ, চধৎরসধঃপয, ইক৮) লোকজন রেজিস্ট্রেশন করানো এবং টাকা জমা করাতে উৎসাহ দেওয়া। এজন্য তারা ব্যবহার করে ব্যক্তিগত বিকাশ/নগদ নম্বর ব্যবহার করে টাকা গ্রহণ। ক্লায়েন্টের জন্য একাইন্ট খুলে দেওয়া ও ডলার কনভার্ট করে জমা দেওয়া।

২-এর পৃষ্ঠা দেখুন

## ২৮ জুলাই: দেয়াল লিখন ও গ্রাফিতিতে জানানো হয় অগ্নিঝরা প্রতিবাদ

নিজস্ব প্রতিবেদক

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ২০২৪ সালের ২৮ জুলাই রোববার সারাদেশে গ্রাফিতি ও দেয়াল লিখন এবং অনলাইন-অফলাইনে গণসংযোগ কর্মসূচি পালন করে।

এইদিন রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে দেয়াল লিখন ও গ্রাফিতিতে ফুটিয়ে তোলা হয় অগ্নিঝরা প্রতিবাদ। তবে রাজধানীতে দেয়াল লিখনের সময় পুলিশি বাধার মুখে পড়তে হয় তাদের।

কোটা সংস্কারে শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত কমিশনের সুপারিশের ভিত্তিতে সংসদে আইন পাসসহ তিন দফা দাবিতে ২৭ জুলাই শনিবার ২৪ ঘণ্টার আলটিমেটাম দেন আন্দোলনের সমন্বয়করা। একই সময় দেয়াল লিখন ও গ্রাফিতি আঁকার কর্মসূচিও দেওয়া হয়।

২৮ জুলাই রাজধানীর পলাশীতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) দেয়াল লিখন ও গ্রাফিতি কর্মসূচি পালন করেন কার্টুনিস্ট এবং চারুকলার শিক্ষার্থীরা। তবে পুলিশি বাধায় তাদের ওই কর্মসূচি আর শেষ করা সম্ভব হয়ে ওঠে না। পুলিশ তাদের রংতুলি জব্দ করে। এ ছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটিসহ দেশের বিভিন্ন স্থানে দেয়াল লিখন ও গ্রাফিতি করা হয়।

দেয়ালগুলোর গ্রাফিতিতে ‘সোনার বাংলা আজ মৃত্যুপুরী কেন?’, ‘আমার ভাইদের মারলি কেন?’, ‘সেভ দ্য কান্ট্রি জয়েন দ্য ফাইট’, ‘পুলিশি হত্যার বিচার চাই’, ‘একদিকে নাটক করে অন্যদিকে গুম করে’, ‘৫২ দেখিনি ২৪ দেখেছি’, ‘সম্পদের হিসাব পরে লাশের হিসাব আগে’, ‘হামার বেটাক মারলু ক্যান’ ইত্যাদি লেখা হয়। গ্রাফিতিতে স্থান পেয়েছে ছাদে গিয়ে গুলিতে নিহত ছোট্ট রিয়ার কথাও।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) শিক্ষার্থীরা আবু সাঈদের হাত

২-এর পৃষ্ঠা দেখুন

## ৩১ দফা দাবিতে জেলা বিএনপির গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ঘোষিত ৩১ দফা দাবি সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দিতে মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি পালন করেছে জেলা বিএনপি। শনিবার (২৭ জুলাই) বিকেলে এই কর্মসূচির নেতৃত্ব দেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। তিনি আশরাফপুর বাজারের ব্যবসায়ী, ক্রেতা-বিক্রেতা ও স্থানীয় জনসাধারণের মাঝে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সংবলিত লিফলেট বিতরণ করেন। এ সময় বক্তব্যে কামরুল হাসান বলেন, “আপনারা জানেন, কিছুদিন আগে এক ফ্যাসিবাদ খায়রুল হক গ্রেফতার হয়েছে। সে দেশেই ছিল, কিন্তু সরকার ও আইনশৃঙ্খলা বাহিনীর গাফিলতির কারণে তাকে ধরতে দেরি হয়েছে। আমরা দাবি জানাইড়যেসব বিচারক অবৈধ রায় দিয়েছে, শেখ হাসিনার লিখিত রায় বাস্তবায়ন করেছেড়

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে পানির অভাবে কৃষি অর্থনীতির ধস

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ভূগর্ভস্থ পানির স্তর অস্বাভাবিকভাবে নিচে নেমে গিয়ে ভয়াবহ সংকট তৈরি হয়েছে। এতে বিপর্যস্ত হয়ে পড়েছে জেলার কৃষি ও গ্রামীণ অর্থনীতি।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও পানি উন্নয়ন বোর্ডের তথ্য অনুযায়ী, জেলার প্রায় ৭০ শতাংশ মানুষ কৃষিনির্ভর। ২০২০ সালে যেখানে ভূগর্ভস্থ পানির স্তর ছিল ৭০-৮০ ফুট, এখন তা নেমে গেছে ২৮০-৩০০ ফুট পর্যন্ত। জেলার ১২,৫০০টির বেশি নলকূপের মধ্যে চলতি মৌসুমেই অচল হয়ে গেছে প্রায় অর্ধেক। ফলে ধান ও গম চাষে উৎপাদন ৩৮ শতাংশ কমে গেছে। জমি অনাবাদি পড়ে আছে, কৃষকরা চাষাবাদ বন্ধ করতে বাধ্য হচ্ছেন। অনেকে

২-এর পৃষ্ঠা দেখুন

### মেহেরপুরের পানি সংকট: কারণ ও প্রভাব

| সমস্যার মূল কারণসমূহ | প্রত্যক্ষ প্রভাবসমূহ |
|---|---|
| ১.ভূগর্ভস্থ পানির অতিরিক্ত উত্তোলন | কৃষিক্ষেত্রে বিপর্যয় |
| ২. প্রাকৃতিক জলাশয়ের বিলুপ্তি | অর্থনৈতিক স্থবিরতা |
| ৩. মনিটরিংয়ের অভাব ও অপরিকল্পিত সেচ | গৃহস্থালির পানির সংকট |
| ৪. জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব | পরিবেশের ভারসাম্যহীনতা |

## মেহেরপুরে পুলিশের বিশেষ অভিযানে চার আসামি গ্রেফতার

মেহেরপুর প্রতিনিধি

জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মেহেরপুর জেলা পুলিশের নিয়মিত অভিযানের অংশ হিসেবে গাংনী থানা পুলিশ গত ২৪ ঘণ্টায় বিশেষ অভিযান পরিচালনা করেছে। অভিযানে চারজন পলাতক ও পরোয়ানাভুক্ত আসামিকে গ্রেফতার করা হয়েছে। গাংনী থানার ওসি বানী ইসরাইল, গ্রেফতার হওয়া আসামিরা হলেন রামকৃষ্ণপুর ধলা গ্রামের নাহিদ হাসান (২০) ও নয়ন হাসান (২১), চিৎলা গ্রামের ইমদাদুল এবং বাঁশবাড়ীয়া গ্রামের খালেক মন্ডল (৪৫)।

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বৃক্ষ রোপণ অভিযান ও বৃক্ষ মেলার উদ্বোধন

মেহেরপুর প্রতিনিধি

‘পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ে তুলি’ এই শ্লোগানকে সামনে রেখে মেহেরপুরে বৃক্ষ রোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। রবিবার (২৭ জুলাই) সকাল থেকে জেলা প্রশাসন ও জেলা বন বিভাগের যৌথ উদ্যোগে বর্ণিল একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি জেলা শিল্পকলা একাডেমি চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে গাঁজাসহ আটক দুই যুবক

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে ৪৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক কারবারিকে আটক করেছে পুলিশ। শনিবার (২৬ জুলাই) রাতে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটক ব্যক্তিরা হলেনড়গাংনী উপজেলার কাথুলী ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি রুহুল আমিন মাস্টারের ছেলে নাহিদ হাসান (২০) এবং একই এলাকার রাহাবুল ইসলামের ছেলে নয়ন হাসান (২১)। উভয়েই রামকৃষ্ণপুর ধলা গ্রামের বাসিন্দা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, রামকৃষ্ণপুর ধলা সড়ক দিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে গণসংযোগ ও বিক্ষোভ মিছিল

মেহেরপুর প্রতিনিধি

“জনগণকে সঙ্গে রাখুন, জনগণের সঙ্গে থাকুন” এই শ্লোগানে মেহেরপুর ১, ৮ ও ৯ নম্বর ওয়ার্ড বিএনপির আয়োজনে গণসংযোগ কর্মসূচি ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। রবিবার (২৭ জুলাই) রাত ৮টায় শহরের ভূমি অফিস মোড় থেকে শুরু হয় গণসংযোগ। এরপর নেতাকর্মীরা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে আবার একই স্থানে এসে কর্মসূচির সমাপ্তি ঘোষণা করেন।

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে গার্মেন্টস শ্রমিকের পচাগলা মরদেহ উদ্ধার

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী বাজারের একটি ভাড়া বাসা থেকে তরিকুল ইসলাম (৩৫) নামে এক গার্মেন্টস শ্রমিকের পচাগলা মরদেহ উদ্ধার করেছে পুলিশ।গতকাল রবিবার (২৭ জুলাই) বিকাল ৫টার দিকে স্থানীয়দের সহায়তায় দরজা ভেঙে মরদেহ উদ্ধার করা হয়।

তরিকুল সদর উপজেলার মহারাজপুর কেশবপুর গ্রামের সিরাজুল ইসলামের ছেলে। পেশায় তিনি একজন গার্মেন্টস শ্রমিক ছিলেন।

তরিকুলের ভাই আজিজুল ইসলাম জানান, গত এক সপ্তাহ ধরে তার কোনো খোঁজ পাওয়া যাচ্ছিল না। হঠাৎ রোববার তরিকুলের স্ত্রী জুনিয়া খাতুনের

২-এর পৃষ্ঠা দেখুন

## ছাত্রীকে উত্ত্যক্ত: ভ্যানচালককে গণপিটুনি দিয়ে পুলিশে

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার সন্ধানী স্কুল অ্যান্ড কলেজের দ্বিতীয় শ্রেণির এক ছাত্রীকে উত্ত্যক্ত করার অভিযোগে এক ভ্যানচালককে গণপিটুনি দিয়ে পুলিশের হাতে তুলে দিয়েছে স্থানীয় জনতা। অভিযুক্ত ব্যক্তি গাংনী পৌর এলাকার বাঁশবাড়িয়া গ্রামের বাসিন্দা আব্দুল খালেক মন্ডল (৪৫)।



ঘটনাটি ঘটেছে গতকাল রবিবার দুপুরে, স্কুল সংলগ্ন সড়কে। প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগী পরিবারের সদস্যরা জানায়, দুপুরে স্কুল থেকে ফেরার পথে দুই ছাত্রীকে ভ্যানে নিয়ে যাচ্ছিল খালেক। পথিমধ্যে এক ছাত্রী নেমে গেলে অপর ছাত্রী একা থাকায় তাকে উদ্দেশ্য করে একাধিকবার অশ্লীল মন্তব্য করে চালক। এ বিষয়ে ছাত্রীটি কান্নাজড়িত কণ্ঠে বাড়ি ফিরে তার পরিবারকে জানালে তারা স্থানীয়দের সহায়তায় অভিযুক্তকে আটক করে। উত্তেজিত জনতা প্রথমে তাকে গণপিটুনি দেয়, পরে গাংনী সেনা ক্যাম্পে সোপর্দ করা হয়। ঐ শিক্ষার্থীর পিতা বলেন, ‘‘আমার মেয়ে ভয়ে প্রথমে কিছু বলেনি। কিন্তু আজ আবার

২-এর পৃষ্ঠা দেখুন

## পৌর প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুর গণির মাতার ইন্তেকাল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার শিক্ষা অঙ্গনের এক পরিচিত মুখ মেহরপুর পৌর প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নুর গণির মাতা এবং মেহেরপুর সরকারি বালক বিদ্যালয়ের সাবেক শিক্ষক মরহুম হেকমতুল্লাহর স্ত্রী আজ রবিবার (২৭ জুলাই) বিকেল ৫টা ৩০ মিনিটে মল্লিক পাড়াস্থ নিজ বাসভবনে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। পারিবারিক সূত্রে জানা গেছে, তিনি বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন। বেশ কিছুদিন ধরেই শারীরিকভাবে অসুস্থ ছিলেন। মৃত্যুকালে তিনি ৫ পুত্র, ২ কন্যাসহ অসংখ্য আত্মীয়-স্বজন

২-এর পৃষ্ঠা দেখুন



## স্বামীর গলায় কোপ, ভারতে পালাতে গিয়ে ধরা পাপিয়া

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার জীবননগরে পারিবারিক কলহের জেরে মনিরুল ইসলাম (৫০) নামে এক দিনমজুরকে গলা কেটে হত্যা করেছেন তাঁর স্ত্রী পাপিয়া খাতুন (৪২)। শনিবার দুপুরে হাসাদাহ ইউনিয়নের মাধবপুর গ্রামে এ ঘটনা ঘটে। হত্যার পাঁচ ঘণ্টার মধ্যেই পার্শ্ববর্তী আলমডাঙ্গার বাসবাড়িয়া এলাকায় খালার বাড়ি থেকে তাঁকে গ্রেপ্তার করে পুলিশ। তিনি ভারতে পালিয়ে যাওয়ার চেষ্টা করছিলেন। পুলিশ জানিয়েছে,

২-এর পৃষ্ঠা দেখুন

**অনুবাক্য**

**মামুনুর রশিদ মামুন**

**খবর(পকেট কমিটির নামে দল ধ্বংস করছে নেতৃত্ব)**

হচ্ছে নাকি পকেট কমিটি
মিটাচ্ছে তাদের স্বাদ
ধ্বংস করছে মূল ধারাকে
ত্যাগীরা সব বাদ।
সারাদেশে একই শুনি
দল হচ্ছে দুই ভাগ
নৌকা গায়ে জড়িয়ে তারা
বাগিয়ে নিচ্ছে ধানের শীষের স্বাদ ।
এমন ধারা চলতে থাকলে
সুযোগ নেবে এনসিপি
ফ্যাসিষ্ট আসতে থাকবে না বাকি
ধ্বংস হবে বিএনপি।
সময় আর নেই বেশি
ভাবতে হবে এখনি
মূল ধারাতে আসলে ফিরে
জীবন পাবে বিএনপি।



## জাতীয় সনদের খসড়া সোমবারের মধ্যে দলগুলোর কাছে পাঠানো হবে: আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

রাজনৈতিক ঐকমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে গঠিত জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজ জানিয়েছেন, কমিশন প্রস্তুতকৃত জাতীয় সনদের প্রাথমিক খসড়া আগামীকাল সোমবারের (২৮ জুলাই) মধ্যে রাজনৈতিক দলগুলোর কাছে পাঠানো হবে। তিনি বলেন, “আমাদের লক্ষ্য হচ্ছে একটি জাতীয় সনদে দলগুলোর স্বাক্ষর

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন বর্জনের বার্তা, মাঠে তৎপর জামায়াত

### সংস্কারের দাবি থাকলেও ২৯৬ আসনে প্রার্থী ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচনে মৌলিক কাঠামোগত সংস্কার ছাড়া অংশ না নেওয়ার ঘোষণা দিয়ে রেখেছে জামায়াতে ইসলামী। দলটি প্রকাশ্যে লেভেল প্লেয়িং ফিল্ড, অন্তর্বর্তীকালীন সরকার এবং নির্বাচন কমিশনের ঐকমত্য ভিত্তিক গঠনসহ একাধিক দাবিতে অনড়। তবে মাঠপর্যায়ে দলটির প্রস্তুতি একেবারেই ভিন্ন চিত্র তুলে ধরছে। সারাদেশে ২৯৬ আসনে প্রার্থী ঘোষণা, ভোটকেন্দ্রভিত্তিক কমিটি গঠন ও প্রচার-সংগঠন চালানো এসব কার্যক্রমে নির্বাচনী তৎপরতার দৃশ্যপট স্পষ্ট হয়ে উঠেছে। দলের কেন্দ্রীয় নেতারা দাবি করছেন, তারা নির্বাচনের বিরুদ্ধে নন, বরং সুষ্ঠু নির্বাচনের জন্য প্রস্তুত হচ্ছেন। জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের বলেন, “সংস্কার ছাড়া অংশগ্রহণ অসম্ভব, তবে রাজনৈতিক দল হিসেবে আমাদের সাংগঠনিক প্রস্তুতি রাখা দায়িত্ব। পরিস্থিতি যেকোনো সময় বদলে যেতে পারে।” জামায়াত যে সংস্কারের কথা বলছে, তা মূলত রাষ্ট্র কাঠামো ও নির্বাচনী পদ্ধতির গভীর পরিবর্তনের প্রস্তাব। এর মধ্যে রয়েছে আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতিতে নির্বাচন, সংসদের উচ্চকক্ষ প্রতিষ্ঠা, প্রধানমন্ত্রীর সাংবিধানিক নিয়োগ ক্ষমতা হ্রাস, সরকারপ্রধানের মেয়াদ নির্ধারণ। এই সংস্কার এজেন্ডায় জামায়াতের সঙ্গে ইসলামপন্থি ও কিছু নতুন দল একমত হলেও বিএনপির সঙ্গে মতানৈক্য রয়েছে। বিএনপি উচ্চকক্ষের প্রয়োজনীয়তা মানতে নারাজ, যদিও পিআর পদ্ধতির প্রতি কিছুটা নমনীয়তা দেখা যাচ্ছে। পলিটিক্যাল বিশ্লেষকদের মতে, এই দাবিগুলো শুধু আদর্শিক অবস্থান নয়, বিএনপিকে কৌশলে চাপ প্রয়োগের মাধ্যমও। জামায়াত চায়, নির্বাচনী কাঠামোর পরিবর্তনে

২-এর পৃষ্ঠা দেখুন



## বৈষম্যবিরোধী’র ৫ নেতা গ্রেপ্তার, ৩জন বহিস্কার

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর গুলশানে সংরক্ষিত নারী আসনের সাবেক সংসদ সদস্য শাম্মী আহমেদের বাসায় গিয়ে ৫০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগে ‘বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন’-এর পাঁচ নেতার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। অভিযুক্তদের শনিবার রাতে গুলশান থানার পুলিশ

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ১৩ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ২৮ জুলাই ২০২৫ইং

## নিম্নমানের উপকরণে সড়ক কাজ, ঠিকাদার রাজনৈতিক নেতা

# মেহেরপুরে এলজিইডির কোটি টাকার প্রকল্পে ভাঙা ইট



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারী-রামদাসপুর সড়ক সংস্কারকাজে ব্যবহার করা হচ্ছে নিম্নমানের ও পরিত্যক্ত ইট। এ ঘটনায় এলাকাবাসীর তীব্র প্রতিক্রিয়া ও সামাজিক মাধ্যমে ব্যাপক সমালোচনার মুখে অবশেষে কাজ বন্ধের নির্দেশ দিয়েছে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)। সংশ্লিষ্ট ঠিকাদার একজন রাজনৈতিক দলের সক্রিয় নেতা হওয়ায় স্থানীয়দের মধ্যে ক্ষোভের পাশাপাশি আতঙ্কও বিরাজ করছে।

এলজিইডি সূত্র জানায়, প্রায় ১ কোটি ২৮ লাখ ৪৯ হাজার টাকা ব্যয়ে ১ হাজার ৭০০ মিটার দীর্ঘ সড়কটির সংস্কারকাজের কার্যাদেশ পায় ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স নুর ইসলাম এন্টারপ্রাইজ। ২০২৫ সালের ২১ এপ্রিল কাজ শেষ হওয়ার কথা থাকলেও, নির্ধারিত সময় পার হলেও কাজের অর্ধেকও সম্পন্ন হয়নি। স্থানীয় বাসিন্দারা জানান,

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## কোষ্ঠকাঠিন্য দূর করতে খাবেন যে ফলগুলো

সূর্যোদয় প্রতিবেদন

কোষ্ঠকাঠিন্য কেবল অস্বস্তিকরই নয়, বরং পেট ব্যথা, পেট ফাঁপা এবং অন্যান্য সমস্যাও তৈরি করে। মলত্যাগ নিয়মিত না হলে কোষ্ঠকাঠিন্য হয়। এর জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বেশ কিছু কারণ দায়ী। যেমন অনুপযুক্ত খাদ্যাভ্যাস, অনিয়মিত খাবারের সময়, দীর্ঘ সময় বসে থাকা, অপর্যাপ্ত ঘুম, মানসিক চাপ ইত্যাদি। আপনি যদি কোষ্ঠকাঠিন্যে ভুগে থাকেন তাহলে বেশ কিছু প্রাকৃতিক প্রতিকার বিবেচনা করতে পারেন। সবচেয়ে সহজ উপায়গুলোর মধ্যে একটি হলো সঠিক ফল খাওয়া। চলুন জেনে নেওয়া যাক, কোষ্ঠকাঠিন্য দূর করতে কোন ফলগুলো খাবেন-

১. কলা

কী কী শারীরিক ক্ষতি হতে পারে? ফাইবার সমৃদ্ধ কলা দীর্ঘদিন ধরে কোষ্ঠকাঠিন্যের ঘরোয়া প্রতিকার হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। পাকা কলা অন্ত্রের সিন্ড্রোম উন্নত করে এবং ক্ষুদ্রান্ত্রে উপস্থিত মাইক্রোভিলিকে আরও ভালোভাবে কাজ করতে দেয়, হজমে সাহায্য করে এবং কোষ্ঠকাঠিন্য দূর করে। এক্ষেত্রে পুরোপুরি পাকা কলা খাওয়া গুরুত্বপূর্ণ। কাঁচা কলায় প্রচুর পরিমাণে রেজিস্ট্যান্ট স্টার্চ থাকে এবং এর বিপরীত প্রভাব থাকে - যা ডায়রিয়ায় ভুগছেন এমন কারও জন্য উপকারী বলে মনে করা হয়।

২. কমলা : কমলা ফাইবার এবং ভিটামিন সি-এর একটি বিশেষ সতেজ উৎস। এই সাইট্রাস ফল কিছুটা পরিমাণে রেচক প্রভাব ফেলে বলে জানা যায়। কমলা খেলে বেশি পরিমাণে ফাইবার পেতে পারেন। কিছু গবেষণায় আরও বলা হয়েছে যে,

৩-এর পৃষ্ঠা দেখুন

## ৮ দফা দাবি আদায়ে ৭২ ঘণ্টার পরিবহন ধর্মঘটের হুঁশিয়ারি

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের পরিবহন খাতে আবারও অচলাবস্থার আশঙ্কা দেখা দিয়েছে। আগামী ১১ আগস্টের মধ্যে আট দফা দাবি পূরণ না হলে ১২ আগস্ট সকাল ৬টা থেকে ১৫ আগস্ট সকাল ৬টা পর্যন্ত টানা ৭২ ঘণ্টার জন্য দেশব্যাপী পরিবহন ধর্মঘটের ডাক দিয়েছে পরিবহন মালিক-শ্রমিক সংগঠনগুলো।

রবিবার (২৭ জুলাই) বেলা ১১টায় জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়। সংবাদ সম্মেলনের আয়োজন করে বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশন এবং বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব সাইফুল আলম। তিনি বলেন, "সড়ক পরিবহন খাত বাংলাদেশের অর্থনীতি, যোগাযোগ এবং পণ্য সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অথচ এ সেক্টর আজ নানা সংকটে নিমজ্জিত।"

তিনি আরও বলেন, "সম্প্রতি সরকারের নির্দেশে ২০ ও ২৫ বছর মেয়াদোত্তীর্ণ বাস-ট্রাক সড়ক থেকে অপসারণে বিআরটিএ অভিযান শুরু করে। এতে মালিক-শ্রমিকদের মধ্যে তীব্র অসন্তোষ তৈরি হয়েছে। বিষয়টি নিরসনে ২০ জুলাই ঢাকায় মালিক-শ্রমিক সংগঠনের যৌথ সভায় সিদ্ধান্ত হয়, সরকারকে ১৫ কার্যদিবস সময় দিয়ে দাবিগুলো বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হবে। তবে সময়মতো ব্যবস্থা না নিলে ৭২ ঘণ্টার কর্মবিরতিতে যাওয়া হবে।" তাদের দাবীগুলো হলো সড়ক পরিবহন আইন-২০১৮এর ৯৮ ও ১০৫ ধারা এবং সুপারিশপ্রাপ্ত অন্যান্য ধারাসমূহ সংশোধন। বাণিজ্যিক মোটরযানের ইকোনমিক লাইফ ২০ ও ২৫ বছর থেকে ৩০ বছর পর্যন্ত বাড়ানো। ফিটনেসহীন ও দূষণকারী যান চলাচলে নিষেধাজ্ঞা, তবে ফিটনেসপ্রাপ্ত পুরাতন গাড়িগুলোর চলাচলে অনুমতি দেওয়া। বিআরটিএ কর্তৃক পুরাতন গাড়ি উচ্ছেদের চলমান অভিযান স্থগিত রাখা। বাণিজ্যিক গাড়ির ওপর দ্বিগুণ অগ্রিম আয়কর (চৎবংঁসঢ়ঃরাব এঃধী) বাতিল করে পূর্বের হার বহাল রাখা। রিকন্ডিশনড গাড়ি আমদানির মেয়াদ ৫ বছর থেকে বাড়িয়ে ১২ বছর করা। মেয়াদোত্তীর্ণ যানবাহনের জন্য স্ক্র্যাপ নীতিমালা প্রণয়ন। মহাসড়কে থ্রি-হুইলার ও অনুমোদনহীন হালকা যান চলাচলের জন্য পৃথক লেন নিশ্চিত করা, দ্রুত ড্রাইভিং লাইসেন্স ডেলিভারি ও শ্রমিক ফেডারেশনের ১২ দফা দাবি বাস্তবায়ন। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন পরিবহন মালিক সমিতির সভাপতি

৩-এর পৃষ্ঠা দেখুন



## নতুন সংবিধান গঠন না হলে খুনি হাসিনা ফিরে আসবে: নাসির উদ্দিন পাটোয়ারী

সূর্যোদয় প্রতিবেদন

নেত্রকোনা, ২৭ জুলাই ড় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসির উদ্দিন পাটোয়ারী বলেছেন, শক্তিশালী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে একটি নতুন সংবিধান গঠন অপরিহার্য। তিনি বলেন, "আমরা যদি নতুন সংবিধান না বানাই, তাহলে বাংলাদেশে বারবার খুনি হাসিনা ও তার ফ্যাসিস্ট সরকার ফিরে আসবে।" জাতীয় নাগরিক পার্টির 'দেশ গড়তে জুলাই পদযাত্রা' কর্মসূচির অংশ হিসেবে রোববার নেত্রকোনার পুরাতন কালেক্টরেট মাঠে আয়োজিত পথসভায় তিনি এসব কথা বলেন। নাসির উদ্দিন পাটোয়ারী উল্লেখ করেন, মুক্তিযুদ্ধের তিন মূল চেতনা ছিল সাম্য, মানবিক মর্যাদা ও ন্যায়বিচার। তবে ১৯৭২ সালের সংবিধান একদলীয় ও পরিবারভিত্তিক হওয়ায় দেশের মুসলমান সমাজ, আলেম সমাজ, নারী ও পাহাড়ি জনগোষ্ঠী

৩-এর পৃষ্ঠা দেখুন

## ছাত্রলীগ নেতাকে বিয়ের দাবিতে বৈষম্যবিরোধী নেত্রীর অনশন

সূর্যোদয় প্রতিবেদন

ভোলার চরফ্যাশনে প্রেমিকের বিরুদ্ধে বিয়ের প্রতিশ্রুতি ভঙ্গের অভিযোগ এনে পাঁচদিন ধরে অনশন করছেন এক কিশোরী। তিনি নিজেকে ভোলা জেলা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সহসমন্বয়ক হিসেবে পরিচয় দিয়েছেন। ঘটনাটি ঘটেছে চরফ্যাশন উপজেলার চর মাদরাজ ইউনিয়নের চর আফজাল গ্রামের ১ নম্বর ওয়ার্ডে। স্থানীয়রা জানান, অনশনরত ওই কিশোরী সম্প্রতি এসএসসি পরীক্ষায় অংশ নেন। তবে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ না করায় তিনি অকৃতকার্য হয়েছেন। কিশোরীর অভিযোগ, চরফ্যাশনের এক কিশোরের সঙ্গে তার দীর্ঘদিনের প্রেমের সম্পর্ক রয়েছে। তাদের পরিচয় হয় বৈষম্যবিরোধী আন্দোলনের সময়। সেই সম্পর্ক পরে প্রেমে রূপ নেয়। কিশোরীর দাবি, অভিযুক্ত কিশোর নিষিদ্ধ

৩-এর পৃষ্ঠা দেখুন



## বৈষম্যবিরোধী ছাত্র'র কেন্দ্রীয় বাদে সকল কমিটি স্থগিত

সূর্যোদয় প্রতিবেদন

চাঁদাবাজি ও অপকর্মের অভিযোগে সারাদেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আওতাধীন সকল আঞ্চলিক ও শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক কমিটি স্থগিত ঘোষণা করেছে সংগঠনের কেন্দ্রীয় নেতৃত্ব। কেন্দ্রীয় কমিটি ব্যতীত সংগঠনের অন্য সব ইউনিটের কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে বলে জানানো হয়েছে। রোববার (২৭ জুলাই) বিকেলে রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে আয়োজিত এক জরুরি সংবাদ সম্মেলনে সংগঠনের সভাপতি ও সাবেক মুখ্য সমন্বয়ক রিফাত রশিদ এ ঘোষণা দেন। সংবাদ সম্মেলনে রিফাত রশিদ বলেন, "বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানার ব্যবহার করে কিছু ব্যক্তি ও গোষ্ঠী নিজেদের স্বার্থসিদ্ধির জন্য অন্যায় কাজে লিপ্ত হয়েছে। তারা সংগঠনের মূল লক্ষ্য ও ভাবমূর্তি ক্ষুণ্ন

৩-এর পৃষ্ঠা দেখুন

## দলে ফিরতে হলে আগে দেশে ফিরতে হবে সাকিবকে- বিসিবি সভাপতি

সূর্যোদয় প্রতিবেদন



জাতীয় দলের বাইরে কাটছে সাকিব আল হাসানের দীর্ঘ সময়। টেস্ট ও ওয়ানডেতে খেলার আগ্রহ থাকলেও বাস্তবতা বলছে, দেশের মাটিতে না ফিরলে বাংলাদেশ দলে ফেরার পথ আপাতত বন্ধ এই অভিজ্ঞ অলরাউন্ডারের জন্য।

আওয়ামী লীগ সরকারের পতনের পর সাকিব আল হাসান রাজনৈতিক মামলায় জড়িয়ে পড়েন। একাধিক মামলায় আসামি হওয়ায় তিনি বর্তমানে যুক্তরাষ্ট্রে পরিবারের সঙ্গে অবস্থান করছেন। গ্রেফতার আতঙ্ক এবং নিরাপত্তাজনিত কারণে দেশে ফিরছেন না তিনিড়এমনটাই জানিয়েছেন তার ঘনিষ্ঠ মহল। ফলে খেলোয়াড় হিসেবে বিসিবির বিবেচনায়ও জায়গা পাচ্ছেন না এই বিশ্বসেরা অলরাউন্ডার। বাংলাদেশ

৩-এর পৃষ্ঠা দেখুন

## এশিয়া কাপে কঠিন গ্রুপে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপে ভীষণ চাপে বাংলাদেশ। বেশ কঠিন পথ পাড়ি দিয়েই এগোতে হবে শিরোপার লড়াইয়ে। খেলতে হবে শ্রীলঙ্কা, আফগানিস্তান ও হংকংয়ের বিপক্ষে।

অনেক নাটকীয়তার পর আজ শনিবার প্রকাশ হয় এশিয়া কাপের সূচি। সংযুক্ত আরব আমিরাতে আগামী ৯-২৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে এশিয়ান ক্রিকেটের সবচেয়ে বড় টুর্নামেন্ট। খেলবে মোট ৮ দল। অংশ নেয়া ৮ দলকে ভাগ করা হয়েছে দুই গ্রুপে। পাঁচ স্থায়ী

৩-এর পৃষ্ঠা দেখুন



## হরিদ্বারের পদদলিত হয়ে নিহত ৬, আহত অর্ধশতাধিক

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের হরিদ্বারে অবস্থিত বিখ্যাত মনসা দেবী মন্দিরে পদদলনের ঘটনা ঘটেছে। এতে অন্তত ৬ জন ভক্ত নিহত হয়েছেন এবং আহত হয়েছেন অর্ধশতাধিক। রোববার সকাল সাড়ে ৯টার দিকে এই মর্মান্তিক ঘটনা ঘটে বলে স্থানীয় প্রশাসন নিশ্চিত করেছে। হরিদ্বার

৩-এর পৃষ্ঠা দেখুন

## কলা গাছের ভেলায় ভেসে এলো ভারতীয় শিশুর মরদেহ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের কুড়িগ্রাম জেলার দুধকুমার নদে এক হৃদয়বিদারক ঘটনা ঘটেছে। কলা গাছের তৈরি একটি ভেলায় ভেসে এসেছে ভারতের আসাম রাজ্যের এক শিশুর মরদেহ। মাত্র ছয় বছর বয়সী শিশুটি সাপের কামড়ে মারা যাওয়ার পর, তার পরিবার তাকে ধর্মীয় রীতি অনুযায়ী নদীর জলে ভেলায় ভাসিয়ে দেয়। সেই ভেলাই ভেসে এসেছে বাংলাদেশের সীমান্তবর্তী যাত্রাপুর ইউনিয়নের গারুহারা ঘাটে। রোববার (২৭ জুলাই) সকাল সাড়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

শর্মা ফুড প্লাজা

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পাস্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

প্রযুক্তি

## ভূগর্ভস্থ ছত্রাক নেটওয়ার্ক রক্ষায় বৈজ্ঞানিকদের সতর্কবার্তা

সূর্যোদয় প্রতিবেদন



পৃথিবীর ভূগর্ভস্থ ছত্রাক নেটওয়ার্ক পৃথিবীর জীববৈচিত্র্য ও জলবায়ু নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। কিন্তু এখন এটা মারাত্মক হুমকির মুখে রয়েছে। সম্প্রতি প্রকাশিত এক গবেষণায় দেখা গেছে, মাইকোরাইজাল ছত্রাকসমৃদ্ধ এলাকাগুলোর মাত্র ৯ দশমিক ৫ শতাংশ বর্তমানে সুরক্ষিত এলাকার আওতায় রয়েছে। ছত্রাক গবেষণা ও সংরক্ষণে নিয়োজিত আন্তর্জাতিক সংস্থা এসপিইউএন জানিয়েছে, এই নেটওয়ার্কগুলো উদ্ভিদের মূলের সঙ্গে যুক্ত থাকে এবং পৃথিবীর জলবায়ু ও বাস্তুসংস্থানের ভারসাম্য রক্ষায় সহায়ক। এরা উদ্ভিদকে পুষ্টি সরবরাহ করে, মাটি তৈরি করে এবং বছরে ১৩ বিলিয়ন টনের বেশি কার্বন ডাইঅক্সাইড মাটিতে আটকে রাখতে সাহায্য করে, যা বৈশ্বিক জীবাশ্ম জ্বালানি নির্গমনের প্রায় এক-তৃতীয়াংশ।ঝঢ়ঁহ ও তাদের সহযোগী সংস্থাগুলো ২০২১ সালে একটি বৈশ্বিক মানচিত্র তৈরির কাজ শুরু করে, যার মাধ্যমে তারা ১৩০টি দেশ থেকে সংগ্রহ করা ২৮০ কোটিরও বেশি ছত্রাক নমুনার ভিত্তিতে পুরো পৃথিবীজুড়ে ১ বর্গকিলোমিটার স্কেলে ছত্রাকের বৈচিত্র্য বিশ্লেষণ করে। গবেষণায় উঠে এসেছে, ছত্রাক সংরক্ষণের দিক থেকে এখনও বড় ধরনের শূন্যতা রয়েছে। যেমন, ঘানার উপকূলীয় অঞ্চলকে একটি গুরুত্বপূর্ণ

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ

ডাঃ এম.র. মালিক

এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল

রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

ডাঃ কানিজ নাঈমা

এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট

ডাঃ রুমানা হেলালী (জুসি)

এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ

ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন

এমবিবিএস(ডিইউ)

আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট

ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ

এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও

রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## কোষ্ঠকাঠিন্য দূর করতে খাবেন যে

কমলায় ন্যারিনজেনিন (একটি ফ্ল্যাভোনয়েড) যৌগের উপস্থিতি কোষ্ঠকাঠিন্যে আক্রান্তদের সাহায্য করতে পারে। ৩. নাশপাতি: নাশপাতিতে কেবল ফাইবারই নয়, ফ্রুক্টোজ এবং সরবিটলও থাকে। শেষের দুটি রেচক প্রভাব ফেলতে পারে এবং এর মাধ্যমে আমাদের পেটের সমস্যা থেকে মুক্তি দিতে পারে। সরবিটল মল নরম করে এবং চাপের মাধ্যমে মলত্যাগ সহজ করে। তাই কোষ্ঠকাঠিন্য দূর করতে নিয়মিত নাশপাতি খেতে পারেন। ৪. আপেল আপেল কোষ্ঠকাঠিন্য এবং ডায়রিয়ার উপশম করতে সাহায্য করে। প্রথমটির ক্ষেত্রে, আপেল খোসা সহ খাওয়ার পরামর্শ দেওয়া হয়। এই বাইরের অংশে অদ্রবণীয় ফাইবার থাকে এবং মলত্যাগ বৃদ্ধি করে। ফলের মধ্যে দ্রবণীয় ফাইবারও থাকে, বিশেষ করে পেকটিন নামক একটি খাদ্যতালিকাগত ফাইবার। তবে ডায়রিয়া বা পাতলা পায়খানা হলে বিশেষজ্ঞরা খাওয়ার আগে খোসা ছাড়িয়ে নেওয়ার পরামর্শ দেন। ৫. পেঁপে পেঁপে হলো একটি কম ক্যালরিযুক্ত ফল যা পানির পাশাপাশি ফাইবার সমৃদ্ধ। এটি মলত্যাগ নিয়ন্ত্রণ করে এবং মলত্যাগে সাহায্য করে। এতে পেপেইনও রয়েছে, যা হজমে সহায়তা করার জন্য পরিচিত একটি এনজাইম। পেঁপে কোনো খাবারের সঙ্গে যোগ না করে খাওয়াই ভালো। সুস্বাদু এই ফল নিয়মিত খেলে পেটের সুস্থতা অনেকটাই নিশ্চিত থাকে।

## নাসির উদ্দিন পাটোয়ারী

দীর্ঘদিন ধরে নিপীড়নের শিকার হচ্ছে। তিনি আরও বলেন, "বর্তমান সংবিধানে ভারতীয় এজেন্ডা বাস্তবায়ন ও বিরোধের রাজনীতি চালিয়ে দেশে বিভাজন সৃষ্টি করা হয়েছে। এজন্য নতুন সংবিধানে নাগরিকদের অধিকার ও সন্তানের ভবিষ্যতের নিশ্চয়তা থাকতে হবে।"

এসময় তিনি দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় দেশি-বিদেশি ষড়যন্ত্রের বিরুদ্ধে সতর্ক করে সীমান্ত হত্যা বন্ধের দাবি জানান। পথসভায় জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম, মুখ্য সংগঠক সারজিস আলম, সিনিয়র যুগ্ম সদস্য সচিব ডা. তাসনিম জারাসহ জেলা পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## ৮ দফা দাবি আদায়ে ৭২ ঘণ্টার

কফিল উদ্দিন আহমেদ, কার্যকরী সভাপতি এম এ বাতেন, সহ-সভাপতি তোফাজ্জল হোসেন মজুমদার, বাস-ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান রমেশ চন্দ্র ঘোষ, সাবেক সাধারণ সম্পাদক কফিল উদ্দিন, এবং বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রহিম বক্স দুদু ও সাধারণ সম্পাদক হুমায়ুন কবির খান।

## ভূগর্ভস্থ ছত্রাক নেটওয়ার্ক রক্ষায়

ছত্রাক জীববৈচিত্র্য হটস্পট হিসেবে শনাক্ত করা হয়েছে, কিন্তু সেখানে উপকূল ক্ষয়ে যাওয়ার হার বছরে ২ মিটার হওয়ায় জীববৈচিত্র্য হারিয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে। ঝঢ়ঁহ-এর নির্বাহী পরিচালক ড. টবি কিয়ার্স বলেন, এই ছত্রাকগুলো পুষ্টি চক্রে ভূমিকা রাখে, কার্বন সঞ্চয় করে এবং উদ্ভিদের স্বাস্থ্য রক্ষা করে। যখন আমরা এই বাস্তুসংস্থান নষ্ট করি, তখন বন পুনর্জন্মে বিলম্ব হয়, ফসল উৎপাদনে সমস্যা দেখা দেয় এবং উপরিভাগের জীববৈচিত্র্য ক্ষতিগ্রস্ত হয়। গবেষণার প্রধান লেখক ড. মাইকেল ভ্যান নিউল্যান্ড জানান, এই মানচিত্রগুলো শুধু বৈজ্ঞানিক নয়, বরং ভবিষ্যতের সংরক্ষণ কার্যক্রম পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি বলেন, "এই ছত্রাক নেটওয়ার্কগুলোর গুরুত্ব অগ্রাহ্য করা হলে প্রাকৃতিক জলবায়ু সমাধানের অনেক সুযোগ হারিয়ে যেতে পারে।" নাসা, ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচারসহ বিভিন্ন সংস্থা এই ছত্রাক সংরক্ষণে গুরুত্ব দিচ্ছে। আইন ও নীতিনির্ধারণেও এই তথ্য ব্যবহারে তাগিদ দিয়েছেন নিউইয়র্ক ইউনিভার্সিটির 'মোর দ্যান হিউম্যান লাইফ' প্রোগ্রামের পরিচালক সিজার রড্রিগেজ-গারাভিতো। ঝঢ়ঁহ বর্তমানে বিশ্বের দূরবর্তী ও কম পরিচিত ভূগর্ভস্থ অঞ্চল যেমন মঙ্গোলিয়া, ভুটান, পাকিস্তান ও ইউক্রেনে ছত্রাক গবেষণার কাজ চালাচ্ছে। তারা এই গবেষণা সম্প্রসারণে নতুন সহযোগী ও অর্থায়নের খোঁজে রয়েছে, কারণ তাদের মানচিত্র এখন পর্যন্ত পৃথিবীর মাত্র ০.০০১ শতাংশ অঞ্চলই কভার করেছে। বিশ্ব প্রকৃতি সংস্থার প্রধান বিজ্ঞানী ড. রেবেকা শ অ বলেছেন, এই ছত্রাক নেটওয়ার্কের সংরক্ষণ সরাসরি জলবায়ু পরিবর্তন, জীববৈচিত্র্য হ্রাস এবং খাদ্য নিরাপত্তার মতো বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় সহায়ক হতে পারে।

## ছাত্রলীগ নেতাকে বিয়ের দাবিতে

ঘোষিত ছাত্রলীগের রাজনীতির সঙ্গে যুক্ত। প্রেমের সম্পর্কের সময় কিশোর তার সঙ্গে ঘনিষ্ঠতাও গড়ে তোলেন। তবে বিয়ের কথা বললে প্রেমিক সাড়া না দেওয়ায় বাধ্য হয়ে প্রেমিকের বাড়ির সামনে অনশনে বসেন কিশোরী। তিনি দাবি করেন, পরিবার বা সমাজ নয়, প্রেমিকের প্রতিশ্রুতি পূরণ করতেই তার এই অবস্থান। অন্যদিকে, অভিযুক্ত কিশোরের পরিবারের ভাষ্য, "আমাদের ছেলে নির্দোষ। একটি মহল পরিকল্পিতভাবে তাকে ফাঁসানোর চেষ্টা করছে।" এ বিষয়ে চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাসনা শারমিন মিথি বলেন, "এখন পর্যন্ত আমাদের কাছে কেউ লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।"

## বৈষম্যবিরোধী ছাত্র'র কেন্দ্রীয় বাদে

করছে। তাই আমরা ঐকমত্যে পৌঁছে আজ থেকে কেন্দ্রীয় কমিটি ব্যতীত দেশের সব কমিটি স্থগিত ঘোষণা করছি।" তিনি আরও বলেন, "সংগঠনকে ঢেলে সাজানো হবে। জনগণের আস্থা ফিরে পেতে আমরা কঠোর পদক্ষেপ নেব। আমাদের লক্ষ্য এখন সংস্কার ও শুদ্ধি অভিযান।" সংগঠনের ব্যানার অপব্যবহারকারীদের বিরুদ্ধে কঠোর অবস্থান জানিয়ে রিফাত রশিদ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি আহ্বান জানানড়"আজকের ঘোষণা দেওয়ার পরেও কেউ যদি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানার ব্যবহার করে কোনো অপকর্ম করে, তাহলে আপনারা (আইনশৃঙ্খলা বাহিনী) তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিন। আমাদের পক্ষ থেকে সব ধরনের সহায়তা থাকবে।" সংগঠনের বিরুদ্ধে সাম্প্রতিক সময়ে একাধিক গুরুতর অভিযোগ উঠেছে। গতকাল (২৬ জুলাই) রাজধানীর গুলশানে আওয়ামী লীগের সংরক্ষিত নারী আসনের সাবেক সংসদ সদস্য শাম্মী আহমেদের বাসায় গিয়ে ৫০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগে পাঁচ যুবককে আটক করে পুলিশ। তারা নিজেদের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় নেতা পরিচয় দিয়েছিল। পরবর্তীতে তাদের বিরুদ্ধে মামলা হয় এবং আদালত তাদের রিমান্ডে নেওয়ার আদেশ দেন। এই ঘটনা সংগঠনের ভাবমূর্তিতে বড় ধরনের ধাক্কা দেয় এবং অভ্যন্তরীণভাবে নেতারা আন্দোলনের গঠনতন্ত্র ও কাঠামো পুনর্বিবেচনার প্রয়োজনীয়তা অনুভব করেন বলে সূত্র জানায়।

## বিসিবি সভাপতি

ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি আমিনুল ইসলাম বুলবুল সম্প্রতি এক টেলিভিশন সাক্ষাৎকারে বলেছেন, "সাকিব বাংলাদেশের ক্রিকেটার, সে সব ফরম্যাট থেকে অবসর নেয়নি। কিন্তু তাকে দলে নিতে হলে প্রথমে দেশে ফিরতে হবে। দেশে না থাকলে তার ফিটনেস কিংবা প্রস্তুতি আমরা মূল্যায়ন করতে পারি না।"

তিনি আরও বলেন, "আমি ব্যক্তিগতভাবে কাউকে দলে নিতে পারি না, এটা নির্বাচক কমিটির দায়িত্ব। তারা যদি মনে করে সাকিব শারীরিক ও মানসিকভাবে প্রস্তুত, তাহলে তাকে বিবেচনা করা হবে। কিন্তু সেটার শর্ত হলোড়সাকিবকে দেশে ফিরে আসতেই হবে।" সাকিব সর্বশেষ ২০২৪ সালের নভেম্বরে জাতীয় দলের হয়ে খেলেছিলেন। তখন থেকেই তিনি আর দেশের হয়ে মাঠে নামেননি। মাঝেমধ্যে বিদেশ সফরে খেলার সম্ভাবনার কথা শোনা গেলেও, বাস্তবে তা হয়নি। এর আগে সাকিব সাদা পোশাকে টেস্ট ক্রিকেট থেকে অবসরের ইচ্ছা প্রকাশ করেছিলেন দেশের মাটিতে একটি ম্যাচ খেলে। তবে 'নিরাপত্তাজনিত ঝুঁকি'র কারণে সে ইচ্ছাও বাস্তবায়ন হয়নি। বর্তমানে দেশের রাজনীতি এবং তার বিরুদ্ধে থাকা মামলার জটিলতাড়উভয় মিলে সাকিবের জাতীয় দলে ফেরার পথ বন্ধ হয়ে আছে। তবে দেশের পরিস্থিতি স্বাভাবিক হলে এবং আইনি জটিলতা কেটে গেলে আবারও সাকিবকে দলে দেখতে পাওয়ার আশা করছেন ক্রিকেটপ্রেমীরা।

## এশিয়া কাপে কঠিন গ্রুপে বাংলাদেশ

সদস্য বাংলাদেশ, পাকিস্তান, ভারত, শ্রীলঙ্কা ও আফগানিস্তান ছাড়াও টুর্নামেন্টে অংশ নেবে হংকং, ওমান ও সংযুক্ত আরব আমিরাত। 'এ' গ্রুপে ভারত-পাকিস্তানের সাথে আছে ওমান ও আরব আমিরাত। গ্রুপ বি'তে মুখোমুখি হবে বাংলাদেশ, শ্রীলঙ্কা, আফগানিস্তান ও হংকং। বাংলাদেশের প্রথম ম্যাচ ১১ সেপ্টেম্বর হংকংয়ের বিপক্ষে। ১৩ সেপ্টেম্বর দ্বিতীয় ম্যাচ শ্রীলঙ্কার বিপক্ষে। আর ১৬ সেপ্টেম্বর আফগানিস্তানের বিপক্ষে গ্রুপ পর্বের শেষ ম্যাচ খেলবে টাইগাররা। ৯ সেপ্টেম্বর আফগানিস্তান ও হংকংয়ের মধ্যকার ম্যাচ দিয়ে শুরু হবে এশিয়া কাপ। ভারত-পাকিস্তানের হাইভোল্টেজ ম্যাচ ১৪ সেপ্টেম্বর। ২৮ সেপ্টেম্বর ফাইনাল ম্যাচ দিয়ে নামবে পর্দা। ২০ সেপ্টেম্বর থেকে শুরু হবে সুপার ফোর। প্রতি গ্রুপের শীর্ষ দুই দল উঠবে এই পর্বে।

## হরিদ্বারের পদদলিত হয়ে নিহত ৬,

জেলার সিনিয়র পুলিশ সুপার (এসএসপি) প্রমেন্দ্র সিং ডোবাল ভারতীয় সংবাদ সংস্থা প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়াকে (পিটিআই) জানান, ভিড়ের মধ্যে হঠাৎ বৈদ্যুতিক শর্ট সার্কিটের মাধ্যমে আগুন লাগার গুজব ছড়িয়ে পড়ে। এতে উপস্থিত ভক্তদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং অনেকে দৌঁড়াতে শুরু করেন। মুহূর্তেই চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয় এবং হুড়োহুড়ির মধ্যে অনেকেই মাটিতে পড়ে যান। পদদলনে ঘটনাস্থলেই কয়েকজন আহত হন, যাদের মধ্যে ছয়জন পরবর্তীতে হাসপাতালে মারা যান। তিনি জানান, আহত অন্তত ৩৫ জনকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। এ ঘটনার পরপরই দুর্যোগ ব্যবস্থাপনা বাহিনী , দমকল বাহিনী ও স্থানীয় পুলিশ ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার তৎপরতা শুরু করে। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে বলে প্রশাসন জানিয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, তীর্থযাত্রীদের উপস্থিতি রোববারে অন্যান্য দিনের তুলনায় বেশি ছিল। মন্দির প্রাঙ্গণে প্রবেশ ও বের হওয়ার পথে পর্যাপ্ত ব্যবস্থার ঘাটতি ছিল বলেও অভিযোগ উঠেছে। উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুশকর সিং ধামী এ ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। এক বিবৃতিতে তিনি বলেন, "হরিদ্বারের মনসা দেবী মন্দিরে পদদলিত হয়ে ভক্তদের মৃত্যুর ঘটনা অত্যন্ত দুঃখজনক ও মর্মান্তিক। আমি নিহতদের আত্মার শান্তি কামনা করছি এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করছি।" তিনি আরও জানান, "দ্রুত উদ্ধার তৎপরতা চালাতে এসডিআরএফ, স্থানীয় পুলিশ ও প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে। আমি ব্যক্তিগতভাবে পরিস্থিতির ওপর নজর রাখছি।" ঘটনার সুষ্ঠু তদন্তের আশ্বাস দিয়েছেন তিনি।

## কলা গাছের ভেলায় ভেসে এলো

৯টার দিকে গারুহারা ঘাট এলাকায় নদীতে মাছ ধরছিলেন স্থানীয়রা। তখন হঠাৎ তারা দেখতে পান, কলা গাছের খণ্ড দিয়ে তৈরি একটি ভেলা নদীর স্রোতে ভাসছে। কাছে গিয়ে দেখতে পান, ভেলার ওপর রয়েছে একটি শিশুর মরদেহ। মরদেহটি সাদা চাদর, মশারি ও পলিথিন দিয়ে মোড়ানো ছিল। শুধু মুখটি খোলা ছিল। মরদেহের পাশে একটি চিরকুটে শিশুটির নাম, বাবা-মায়ের পরিচয় ও একটি মোবাইল নম্বর লেখা ছিল।

চিরকুটে লেখা ছিল নাম: সুমিত দাস, বাবার নাম: আকুমনি দাস, মায়ের নাম: পদ্মা দাস, ঠিকানা: ডেকাবঘাট, লালবাড়ি, আসাম, ভারত চিরিকুটে একটি মোবাইল নাম্বার লেখা ছিলো।

## মেহেরপুরে এলজিইডির কোটি টাকার

সড়কে ব্যবহৃত ইটগুলোর অধিকাংশই ভাঙা, নরম ও অপ্রয়োজনীয়। এতে সড়কটি টেকসই হবে না বলে আশঙ্কা করছেন তাঁরা। একাধিক ব্যক্তি অভিযোগ করেন, প্রতিবাদ জানানো সত্ত্বেও এলজিইডির কোনো কর্মকর্তা বিষয়টি আমলে নেননি। ঠিকাদার নুর ইসলামের রাজনৈতিক পরিচয়ের কারণেই অনেকে মুখ খুলতে ভয় পাচ্ছেন। স্থানীয় সমাজকর্মী নাসিম বলেন, "ঠিকাদার ও প্রকৌশলীদের মধ্যে যোগসাজশ না থাকলে এমন অনিয়ম সম্ভব নয়। দৃষ্টান্তমূলক শাস্তি না হলে ভবিষ্যতে এমন দুর্নীতি বারবার ঘটবে।" স্থানীয় ব্যবসায়ী পারভেজ বলেন, "প্রকাশ্য দিবালোকে ভাঙা ইট দিয়ে কাজ হচ্ছে। অথচ সংশ্লিষ্ট কর্মকর্তারা নীরব দর্শক হয়ে আছেন। এসব কর্মকর্তাকে বরখাস্ত করা উচিত।" প্রকৌশলীর ব্যাখ্যা: "আমাকে না জানিয়েই কাজ শুরু" এ বিষয়ে উপজেলা এলজিইডির উপসহকারী প্রকৌশলী আব্দুস সামাদ বলেন, "আমাকে না জানিয়েই ঠিকাদার কাজ শুরু করেছে। একাধিক প্রকল্প চলায় সব জায়গায় নজর রাখা সম্ভব নয়। তবে আমার সঙ্গে তার কোনো আর্থিক লেনদেন নেই।" অভিযুক্ত ঠিকাদার নুর ইসলামের ব্যবহৃত মোবাইল ফোন নম্বরে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও সেটি বন্ধ পাওয়া যায়। উপজেলা এলজিইডির প্রকৌশলী সাব্বির উল ইসলাম বলেন, "নিম্নমানের ইট ব্যবহারের অভিযোগ পাওয়ার পর আমরা কাজ বন্ধ করে দিয়েছি। ঠিকাদারকে নির্দেশ দেওয়া হয়েছে, খারাপ উপকরণ সরিয়ে ভালো মানের ইট দিয়ে পুনরায় কাজ শুরু করতে হবে।" কুষ্টিয়া এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আব্দুস সালাম বলেন, "ঠিকাদার প্রতিষ্ঠানের সঙ্গে যদি কোনো কর্মকর্তার আর্থিক বা ব্যক্তিগত সংশ্লিষ্টতা থাকে, তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

# রণবীর-দীপিকার বিয়ের ভেন্যুতে আদনান-মেহজাবীনের হানিমুন

বিনোদন প্রতিবেদক

শিল্প, সংস্কৃতি আর ঐতিহ্যের জন্য বিখ্যাত ইউরোপের সমৃদ্ধ দেশ ইতালি। তবে দেশটির এতো এতো বিখ্যাত জায়গার মধ্যে লেক কোমো'র রয়েছে আলাদা জনপ্রিয়তা। ইতালির লোম্বার্ডি শহরের এই জায়গাটি চারপাশের প্রাকৃতিক সৌন্দর্যের সুবাদে মনে হয় ছবির মতো। রোমান্টিক আবহের জন্যই মূলত প্রসিদ্ধ জায়গাটি। তাইতো হলিউড থেকে বলিউড সুপারস্টারদের অনেকেই বিয়ের জন্য বেছে নিয়েছেন লেক কোমোকে। লেক কোমো অনেক বেশি চর্চায় আসে বলিউডের দুই সুপারস্টার দীপিকা পাড়ুকোন ও রণবীর সিং যখন তাদের ডেস্টিনেশন ওয়েডিংয়ের ভেন্যু হিসেবে এই জায়গাটিকে নির্বাচন করেন। এবার সেই বিখ্যাত জায়গাটি পরিদর্শন করলেন বাংলাদেশের জনপ্রিয় তারকা দম্পতি আদনান আল রাজীব ও মেহবাজীন চৌধুরী। কয়েক মাস আগে বিয়ে করলেও সম্প্রতি ইউরোপে নিজের হানিমুন কাটিয়েছেন এই দম্পতি। হানিমুনের ঘোরাঘুরির একটি জায়গা ছিলো এই লেক কোমো। আজ সেই জায়গার কিছু ছবি পোস্ট করেছেন মেহজাবীন চৌধুরী। সঙ্গে জুড়ে দিয়েছেন মিষ্টি একটি ক্যাপশন।

মেহজাবীন লিখেছেন, 'আমি সবসময় শুনেছি যে লেক কোমো পৃথিবীর সবচেয়ে রোমান্টিক জায়গাগুলোর মধ্যে একটি, বিশেষ করে দম্পতিদের জন্য। তাই আমরা সত্যিই এটি নিজের চোখে দেখতে চেয়েছিলাম। আর সত্যি বলতে, এটা স্বপ্নের মতো মনে হচ্ছিল। আমরা ভাগ্যবান যে আমাদের হানিমুনের কয়েকটা দিন এখানে কাটিয়েছি; শান্ত, সুন্দর, এবং ছোট ছোট মুহূর্ত যা আমি কখনই ভুলব না। লেক কোমোতে আমাদের প্রিয় দিনের কিছু ঝলক শেয়ার করছি।'



প্রসঙ্গত, শুধু ইতালির লেক কোমো নয়, হানিমুনের ছুটিতে আদনান-মেহজাবীন ঘুরেছেন প্যারিসের আইফেল টাওয়ার থেকে শুরু করে লুভর মিউজিয়াম, ইতালির পানিতে ভাসা শহর ভেনিস, ফ্যাশনের জন্য বিখ্যাত মিলান শহর, ভূস্বর্গ'খ্যাত সুইজারল্যান্ড।


জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
সিরিয়াল : ০১৩২৮-৯৮৬৯৯৯, পরিচালক: ০১৭৬৪-৬৭৬৫৮৫, ০১৭১১-০৫১১১৪
ডাঃ ফারহানা ফেরদৌসী
নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
স্ত্রী, প্রসূতি ও বন্ধ্যাত্ব রোগ চিকিৎসক সার্জন
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ৩ টা থেকে বিকাল ৬টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮৩৮৬১১
ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিসিন ও গাইনী
মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখেন : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।
ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমইউ আল্ট্রা
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ - দুপুর ১ টা ও বিকাল ৪টা- সন্ধ্যা ৭ টা।

মাইক্রোপ্যাথ ল্যাব
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল: ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল: ০১৭৮৮-২২১৩৩৫
ডাঃ সোনিয়া আহমেদ
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ - বিকাল ৫:৩০ পর্যন্ত।
ডাঃ শাহারিয়া শায়লা
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন





কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার, যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন: ০১৯২৩-১২১২৯১, ০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
সততা সুপার মার্কেট ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর। সিরিয়াল : ০১৭০৮-১৩১৮১৩
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা।
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
রুগী দেখেন: প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসূতি রোগে অভিজ্ঞ
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসূতী রোগের বিশেষ অভিজ্ঞ
রুগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২:০০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো )
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জরী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুষ্টি ( বোস্টান ইউনিভূরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

মুক্তি ডায়াগনস্টিক সেন্টার
গাংনী মহিলা ডিগ্রী কলেজ রোড, গাংনী, মেহেরপুর।
ডা: মো: মাহবুবুর রহমান
মেডিসিন, ডায়াবেটিস, এ্যাজমা, উচ্চ রক্তচাপ ও হৃদরোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত
ডা: আলাউদ্দিন- আল আজাদ
হাড় জোড়া, বাত ব্যথা, ঘাড় ব্যথা, মাজা ব্যথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত
ডাঃ শিমু সাহিদা শাপলা
গাইনী,প্রসুতি ও স্ত্রী রোগবিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন সকাল ১০ টা থেকে২ টা পযন্ত।
ডা: এস.এম. মঞ্জুরুল আলম
হাড় জোড়া, বাত ব্যথা, ঘাড় ব্যথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত





মেসার্স রুশি ফার্মেসী
প্রোপাইটার মোঃ রিনু
এখানে সকল প্রকার দেশি-বিদেশি ঔষধ সুলভ মূল্যে বিক্রিকরা হয়।
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল গেট মেহেরপুর
মোবাইল: ০১৭১১-৩১২২৩৫, ইমেইল:rinu000974@gmail.com





বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬





ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ।
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ),বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম) সিএমইউ (আল্ট্রা), সহকারী রেজিস্টার, কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল। রোগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২.৩০ টাথেকে বিকাল ৫ টা পর্যন্ত
ডাঃ সাজিয়া আফরিন(সিমি)
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন।
রোগী দেখেন। প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত ও প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকেরাত ৮ টা পর্যন্ত।
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষতও পি আর পিচিকিৎসা দেওয়া হয়
রোগী দেখার সময়ঃ শনি-বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত
ডাঃ আসাদুল্লাহ-আল-গালিব
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথাবিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ
রোগী দেখার সময়ঃ প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭
ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
ডাঃ মোঃ আলী হায়দার
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
ডাঃ মোঃ সেলিম উদ্দীন
ডাঃ মোঃ ফারুক হোসেন

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতাজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, সোমবার, ২৮ জুলাই ২০২৫ ইং

## "জুলাই পূর্ণজাগরণে সমাজগঠনে শপথ" গঠিত হোক আগামী বাংলাদেশ

"জুলাই পূর্ণজাগরণে সমাজগঠনে শপথ"–এই প্রত্যয়কে সামনে রেখে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় একযোগে পালিত হয়েছে একটি সচেতনতা ও সাংস্কৃতিক পুনর্জাগরণমূলক কর্মসূচি। সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এই দিনব্যাপী কর্মসূচি কেবল এক আনুষ্ঠানিকতা ছিল না; এটি ছিল আমাদের জাতিগত নৈতিক জাগরণের এক প্রতীকী সূচনা। মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগরে অনুষ্ঠিত আলোচনা সভা, শপথ গ্রহণ ও সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে যে বার্তা ছড়িয়ে দেওয়া হয়েছে তা গভীর তাৎপর্যপূর্ণ একটি মানবিক, নৈতিক, সহিংসতামুক্ত ও সাম্যভিত্তিক সমাজ গঠনের জন্য আমাদের সম্মিলিত অঙ্গীকার। অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা 'লাখো কণ্ঠে শপথ' কর্মসূচির আওতায় যে শপথ গ্রহণ করেছেন, তা দৃশ্যপটের জন্যও এক আলোকবর্তিকা হয়ে উঠতে পারে, যদি আমরা তা আত্মস্থ ও অনুশীলন করি। বিশেষভাবে উল্লেখযোগ্য, কর্মসূচির সূচনায় বেদনাদায়ক ঘটনার স্মরণে দোয়া মাহ-ফিল আয়োজন সেই ইতিহাসকে নতুনভাবে মূল্যায়নের দিক নির্দেশ করে। এতে একদিকে যেমন অতীতকে সম্মান জানানো হয়েছে, অন্যদিকে ভবিষ্যতের জন্যও পাঠ গ্রহণের চেষ্টা স্পষ্ট হয়েছে। আলোচনা পর্বে বক্তাদের বক্তব্যে উঠে এসেছে একটি গুরুত্বপূর্ণ দিক" উন্নয়ন কেবল অবকাঠামো বা অর্থনীতিতে নয়, বরং মূল্যবোধ ও মানবিক গুণাবলির বিকাশেই নিহিত সত্যিকারের উন্নয়ন"। এই দৃষ্টিভঙ্গিই হতে পারে আমাদের সামনে এগিয়ে যাওয়ার মূল দিকনির্দেশনা। তিনটি উপজেলার অনুষ্ঠানে স্থানীয় প্রশাসন, সমাজসেবা ও মহিলা বিষয়ক কর্মকর্তাসহ শিক্ষক, রাজনীতিক, সাংবাদিক ও শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রমাণ করেছেএই আন্দোলন কেবল সরকারের নয়, বরং জনগণের অংশগ্রহণেই সমৃদ্ধ হবে। সামাজিক অবক্ষয়, সহিংসতা, বৈষম্য ও মানবিক সংকটের এই সময়ে এ ধরনের উদ্যোগ আশার আলো দেখায়। তবে এটিকে একদিনের আয়োজন হিসেবে রেখে দিলে এর কার্যকারিতা সীমিত হবে। প্রয়োজন, এই শপথকে প্রতিদিনের জীবনে প্রয়োগ করা, সমাজের প্রতিটি স্তরে মূল্যবোধের চর্চা নিশ্চিত করা। আমরা আশা করি, 'জুলাই পূর্ণজাগরণ' কর্মসূচি একটি জাতীয় আন্দোলনের রূপ নেবে যেখানে ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্র মিলেই একটি নৈতিক ভিত্তির সমাজ গড়তে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে। শুধুমাত্র তখনই এই শপথ হবে অর্থবহ, কার্যকর এবং প্রজন্মান্তরে প্রেরণাদায়ী।

মোঃ জাহিদুল ইসলাম

# মেহেরপুর বিশ্ববিদ্যালয় হোক পূর্ণাঙ্গ গবেষণা ভিত্তিক ও আন্তর্জাতিক মানের



মেহেরপুর বিশ্ববিদ্যালয় বাংলাদেশের ৫৬ তম পাবলিক (সরকারি) বিশ্ববিদ্যালয়। চলতি শিক্ষাবর্ষ থেকেই এই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। দেশের যে সকল এলাকায় বিশ্ববিদ্যালয় আছে (পাবলিক ও প্রাইভেট) সেই সকল এলাকার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তাগণ ও কর্মচারীদের বহনকারী বাস, মিনিবাসগুলো যখন শহরের মধ্যে ও আশেপাশের জেলার বিভিন্ন প্রান্তে ছুটে বেড়ায় তখন দেখতে খুব ভালো লাগে। মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু হলে নতুন এক দৃশ্যপটের সূচনা হবে। এই জন্য মেহেরপুর জেলাবাসি দীর্ঘদিন ধরে অপেক্ষা করছে। সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি ও ব্যবহারিক শিক্ষায় অধিক গুরুত্ব প্রদান করতে হবে। শিল্প প্রতিষ্ঠানের সহিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সরাসরি সংযোগ ঘটবে। যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ হবে। নতুন নতুন জ্ঞান সৃষ্টির জন্য গবেষণা হবে। এই বিশ্ববিদ্যালয়ের সহিত পৃথিবীর বিভিন্ন দেশের নামকরা বিশ্ববিদ্যালয়ের এক্সচেঞ্জ এডুকেশন চুক্তি হবে। ভাল ভাল জার্নাল বের হবে ও অন্যান্য বিভিন্ন ধরনের পাবলিকেশন হবে। দেশি এবং বিদেশী গবেষকদের নিয়ে সেমিনার ও কনফারেন্স অনুষ্ঠিত হবে। নতুন নতুন বিভিন্ন ধারণা, তত্ত্ব, মডেল ও প্রযুক্তির সহিত পরিচয় ঘটবে। দেশ ও বিদেশের সাংস্কৃতিক পরিমণ্ডল, ইতিহাস, ঐতিহ্য ও বিজ্ঞানের সহিত শিক্ষার্থীদের জ্ঞানকে সমৃদ্ধ করা হবে। এই বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে মেহেরপুর জেলার নাম দেশ ও বিদেশের কাছে ছড়িয়ে পড়বে। বিশ্ববিদ্যালয় টিকে এগিয়ে নিতে সরকারের পাশাপাশি মেহেরপুর জেলার বিশিষ্ট শিক্ষাবিদ, রাজনৈতিক ব্যক্তিত্ব, বিশিষ্ট ব্যক্তিগণ, শিক্ষানুরাগী বিভিন্নভাবে পরামর্শ দিয়ে সহযোগিতা করতে পারেন। সরকারের পক্ষ থেকে বাৎসরিক বাজেটে বরাদ্দ উল্লেখযোগ্য পরিমাণে পেলে নতুন বিশ্ববিদ্যালয়টিকে দ্রুত একটা ভালো মানে নিয়ে যাওয়া সম্ভব হবে। এটা দেশের সীমান্তবর্তী জেলার একটা বিশ্ববিদ্যালয়। তাই লেখাপড়ার পাশাপাশি শরীর চর্চা, খেলাধুলা, নাটক, সাঁতার, সাংস্কৃতিক অঙ্গনে বিচরণেও অনেক উন্নত হতে হবে। প্রাথমিকভাবে অবকাঠামো, মসজিদ, হল (ছাত্র ও ছাত্রী) ভাল একটা খেলার মাঠ (ফুটবল ও ক্রিকেট), উন্নত প্রযুক্তিসহ ডিজিটাল লাইব্রেরী, সুইমিংপুল, বাস্কেটবল কোর্ট, ভলিবল কোর্ট, প্রত্যেক ডিপার্টমেন্টের জন্য আলাদাভাবে কম্পিউটার ল্যাব, আধুনিক ইকুইপমেন্ট সহ বিজ্ঞান ও কারিগরি ল্যাব ও গবেষণার জন্য বিভিন্ন দেশের বই, জার্নাল ও পত্রিকা থাকতে হবে। টেকসই উন্নয়ন অভীষ্ট ৪ (ষঁংঃধরহধনষব উবাবষড়ঢ়সবহঃ এড়ধষ ৪) হলো মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং সকলের জন্য জীবনব্যাপী শিক্ষার সুযোগ বৃদ্ধি করা। এর মূল লক্ষ্য হলো, অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক শিক্ষা প্রদানের মাধ্যমে সকলের জন্য মানসম্মত জীবন নিশ্চিত করা। মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, কারীকুলাম, সিলেবাস এমনভাবে প্রণয়ন করতে হবে যেন এখান থেকে বিশ্বমানের গ্রাজুয়েট বের করা সম্ভব হয়। পোস্ট গ্রাজুয়েটের পাশাপাশি এই বিশ্ববিদ্যালয়টি শিক্ষার্থীদেরকে খুব দ্রুতই এমফিল এবং পিএইচডি করারও সুযোগ প্রদান করবে। মেহেরপুর জেলাবাসীর প্রত্যাশা দেশের ৫৬তম পাবলিক বিশ্ববিদ্যালয়টি অল্প সময়ের মধ্যেই মানের দিক থেকে প্রথম কাতারে চলে আসবে। দেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক পরিসরেও জায়গা করে নেবে। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বিজয়ী হবে এবং দেশের মুখ উজ্জ্বল করবে। বিদেশী শিক্ষার্থীদেরও এখানে ভর্তি হতে উৎসাহিত করতে নিরলসভাবে কাজ করবে। খুব দ্রুতই মেহেরপুর জেলাবাসি বিশ্ববিদ্যালয়টির মাধ্যমে দেশ এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে তাদের মর্যাদাপূর্ণ অবস্থান দেখার প্রত্যাশা করছে। (লেখক : ইনডিপেনডেন্ট রিসার্চার, ঢাকা)

# বিপদ-আপদে পাপ মোচন হয়

ফয়জুল্লাহ রিয়াদ

পৃথিবীতে চলতেফিরতে মানুষ বিভিন্ন সময় নানা ধরনের বিপদ-আপদের সম্মুখীন হয়। এই বিপদ-আপদ আল্লাহ তাআলার পক্ষ থেকে মানুষের জন্য পরীক্ষাস্বরূপ। এর মাধ্যমে তিনি পরীক্ষা করেন- বিপদ-আপদে কে ধৈর্য ধারণ করে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে আর কে অকৃতজ্ঞ হয়ে যায়। যারা ধৈর্য ধারণ করে, তাদের জন্য আল্লাহ তাআলার কাছে রয়েছে মহাপুরস্কার। আল্লাহ তাআলা বলেন, 'অবশ্যই আমি তোমাদের পরীক্ষা করব কিছুটা ভয়, ক্ষুধা, মাল ও জানের ক্ষতি এবং ফল-ফসল বিনষ্টের মাধ্যমে। তবে সুসংবাদ দাও ধৈর্যশীলদের, যারা তাদের ওপর বিপদ পতিত হলে বলে- ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন (আমরা সবাই আল্লাহর জন্য এবং তার সান্নিধ্যেই ফিরে যাব)। তারা সেসব লোক, যাদের ওপর আল্লাহ তাআলার অফুরন্ত অনুগ্রহ ও রহমত রয়েছে এবং তারাই সুপথপ্রাপ্ত।' (সুরা : বাকারাহ, আয়াত : ১৫৫-১৫৭)। বিপদ-আপদ, কষ্ট-ক্লেশের মাধ্যমে আল্লাহ তাআলা বান্দার গুনাহ মাফ করেন, পাপ মোচন করেন এবং মর্যাদা বৃদ্ধি করেন। আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, মুসলমান ব্যক্তির যেকোনো ক্লান্তি, রোগ, দুশ্চিন্তা, দুঃখ, কষ্ট ও পেরেশানি দেখা দেয়, এমনকি তার (শরীরে) যদি কোনো কাঁটাও বিদ্ধ হয়, এর বিনিময়ে আল্লাহ তাআলা তার পাপ মোচন করে থাকেন। (সহিহ বুখারি, হাদিস : ৫৬৪২)। আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) থেকে অন্য হাদিসে বর্ণিত হয়েছে, তিনি বলেন, (একদিন) আমি রাসুলুল্লাহ (সা.)-এর নিকট গেলাম, (তখন) তিনি জ্বরাক্রান্ত ছিলেন। আমি বললাম, হে আল্লাহর রাসুল! আপনি তো কঠিন জ্বরে আক্রান্ত। তিনি বলেন, হ্যাঁ, তোমাদের দুজন ব্যক্তি যতটুকু জ্বরে আক্রান্ত হয়, আমি একাই ততটুকু জ্বরে আক্রান্ত হই। আমি বললাম, এটি এ জন্য যে আপনার জন্য রয়েছে দ্বিগুণ নেকি। তিনি বলেন, হ্যাঁ, ব্যাপারটা এমনই। কেননা, যেকোনো মুসলমান মুসিবতে আক্রান্ত হয়, তা একটি কাঁটা কিংবা আরো ক্ষুদ্র কিছু হোক, এর দ্বারা আল্লাহ তার গুনাহগুলো এমনভাবে ক্ষমা করে দেন, যেভাবে গাছ থেকে পাতাগুলো (শুকানোর পর) ঝরে যায়। (সহিহ বুখারি, হাদিস : ৫২৪৫)। ধৈর্য অপরিহার্য : মুসিবত গুনাহ মোচনের কারণ হতে হলে তাতে ধৈর্য অবলম্বন করা অত্যাবশ্যক। অর্থাৎ আল্লাহ তাআলার ফয়সালার ওপর আত্মসমর্পণ ও সন্তুষ্টি প্রকাশ এবং আল্লাহর নিকট থেকে সওয়াবের প্রত্যাশা রাখতে হবে। যখন কেউ ধৈর্যের সঙ্গে দুঃখ-কষ্ট, দুশ্চিন্তা ও পেরেশানি সহ্য করে এবং আল্লাহর কাছে সওয়াবের প্রত্যাশা করে, তার মানে সে আল্লাহর প্রতি ভালো ধারণা রাখে। সে বিশ্বাস করে যে আল্লাহ তাকে এসব মুসিবতের বিনিময়ে উত্তম কিছু দান করবেন। আল্লাহ তাআলার প্রতি এমন ধারণা পোষণ করা ঈমানদার ব্যক্তির জন্য অপরিহার্য। সওয়াবের প্রত্যাশা : সওয়াবের প্রত্যাশা রাখার মানে হলো নিজের মনে এ বিশ্বাস রাখা যে এই ধৈর্যের জন্য সে প্রতিদান লাভ করবে। আর যে আল্লাহর প্রতি ভালো ধারণা পোষণ করে, আল্লাহ তাআলা তাকে তার ধারণা অনুযায়ী প্রতিদান দেন। শাস্তিস্বরূপ বিপদ-আপদ : কখনো কখনো বিপদ-আপদ আল্লাহ তাআলার পক্ষ থেকে কোনো গুনাহ কিংবা অবাধ্যতার শাস্তি হিসেবেও আসতে পারে। যেমন আল্লাহ তাআলা বলেন, 'তোমাদের কাছে যেসব মুসিবত এসেছে, তা তোমাদেরই কৃতকর্মের ফল; আর তিনি অনেক কিছু ক্ষমা করে দেন।' (সুরা : শুরা, আয়াত : ৩০)। আল্লাহ তাআলা সবাইকে পাপমুক্ত জীবন দান করুন।

## ৩১ দফা দাবিতে জেলা বিএনপির

তাদের দ্রুত আইনের আওতায় এনে বিচার সম্পন্ন করতে হবে।" তিনি আরও বলেন, "আগামী নির্বাচনে ইনশাআল্লাহ মেহেরপুর-১ ও ২ আসন বিএনপিকে উপহার দেব। এজন্য সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে।" গণসংযোগকালে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য আনছারুল হক, ওমর ফারুক লিটন, সদর যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুল ইসলাম ফিরোজ, ইলিয়াস হোসেন, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, শ্যামপুর ইউনিয়নের সাধারণ সম্পাদক সাহিদুল ইসলামসহ বিএনপি ও সহযোগী সংগঠনের স্থানীয় নেতাকর্মীরা। বিএনপি নেতারা জানান, দেশের প্রতিটি অঞ্চলে এ ধরনের গণসংযোগ কর্মসূচির মাধ্যমে জনগণকে ৩১ দফা দাবি সম্পর্কে সচেতন করা হবে। কর্মসূচিকে কেন্দ্র করে আশরাফপুর এলাকায় জনসাধারণের মধ্যে ব্যাপক আগ্রহ লক্ষ্য করা গেছে।

## ২৮ জুলাই: দেয়াল লিখন ও

উঁচিয়ে গুলি সামনে বুঁক পেতে দেওয়ার গ্রাফিতি আঁকেন।

গোয়েন্দা পুলিশের 'হেফাজতে' থাকা অবস্থায় রোববার রাতে কর্মসূচি প্রত্যাহার করে একটি ভিডিও বার্তা দেন কোটা সংস্কারের দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম। তবে অন্য দুইজন সমন্বয়ক অভিযোগ করেন, জিম্মি করে নির্যাতনের মুখে এই বক্তব্য দেয়ানো হয়েছে।

পরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আব্দুল কাদেরের গণমাধ্যমে পাঠানো বার্তায় সারা দেশে সোমবার ছাত্র-জনতার বিক্ষোভ কর্মসূচি ও প্রতিবাদ সমাবেশ ঘোষণা করা হয়।

ডিবি হেফাজতে থাকা সমন্বয়কদের কয়েকজনের পরিবার মহানগর গোয়েন্দা পুলিশের কার্যালয়ে গেলেও তাদেরকে পরিবারের সাথে দেখা করতে দেয়নি। এদিন ভোরে কোটা সংস্কার আন্দোলনের আরেক সমন্বয়ক নুসরাত তাবাসসুমকে ডিবি হেফাজতে নেয়া হয়। রোববার ভোরে আটক করা হয় নুসরাতকে। মিরপুরের একটি বাসার গেইট ভেঙে তাকে ধরে নিয়ে যাওয়া হয় বলে পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়।

দেশে মোবাইল ফোনে ইন্টারনেট সেবা ১০ দিন বন্ধ থাকার পর ২৮ জুলাই চালু করা হয়। তবে ফেসবুক, হোয়াটসঅ্যাপ, টিকটকসহ বিভিন্ন সেবা বন্ধ রাখা হয়।

বিকেল ৪টা থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের তুলে নেওয়ার প্রতিবাদে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও শিক্ষার্থীরা সমাবেশ-বিক্ষোভ করেন। তারা অবিলম্বে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিশ্ববিদ্যালয় শাখার অন্যতম সমন্বয়ক আরিফ সোহেলকে মুক্তির দাবি জানায়।

রাত ১১টার দিকে সমন্বয়কদের জিম্মি ও নির্যাতন করে বিবৃতি দেয়ানোর প্রতিবাদে পরদিন ২৯ জুলাই আবারও রাজপথে আসার ঘোষণা দেয় দেশের প্রায় সকল বিশ্ববিদ্যালয় ও ঢাকার বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা।

এক্ষেত্রে, দেশের সকল বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষার্থীরা সামাজিক যোগাযোগ মাধ্যমে বিবৃতি দেয়। এতে বলা হয়, ৯ দফা দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত তারা এই আন্দোলন চালিয়ে যাবে।

প্রায় দুইদিন গোয়েন্দা হেফাজতে থাকার পর রোববার রাতে একটি খাবার টেবিলে তাদের সামনে খাবার দিয়ে ছবি তোলেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের অতিরিক্ত কমিশনার হারুন-অর-রশীদ।

রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রচারিত এক বিবৃতিতে বলা হয়, বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতা এবং সন্ত্রাসী কর্মকাণ্ডের ঘটনায় নাগরিক সমাজের সংগঠন এবং গণমাধ্যমসহ কিছু আন্তর্জাতিক অংশীদারের উদ্বেগ প্রকাশের বিষয়টি সরকার লক্ষ্য করেছে। বিশেষ করে অপপ্রচার, ভুল তথ্য এবং বিভ্রান্তির ব্যাপক প্রচারের প্রেক্ষাপটে অকূট সমর্থন ও পরিস্থিতি সম্পর্কে সম্যক ধারণার জন্য সরকার আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে কৃতজ্ঞ।

কোটা আন্দোলনকে ঘিরে সংঘাত-সহিংসতা ও সংকট শান্তি পূর্ণভাবে নিরসনের জন্য বাংলাদেশের জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে বলে জানান যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি ডোনাল্ড লু। বাংলাদেশে সহিংসতার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের কারফিউ জারি ও নাগরিকতারীদের গুলি করতে পুলিশকে নির্দেশ দেওয়ার কথাও জানান ডোনাল্ড লু। তিনি বলেন, গুলির নির্দেশের ব্যাপারে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্রের মাধ্যমে উদ্বেগ জানানো হয়েছে।

২৮ জুলাই কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সহিংসতায় আহত পুলিশ সদস্যদের দেখতে রাজারবাগ কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল পরিদর্শন করেন তৎকালীন প্রধানমন্ত্রী।

পরে তিনি সাম্প্রতিক সহিংসতায় আহতদের দেখতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে যান। সেখানে চিকিৎসাধীন আহতদের খোঁজ-খবর নেন। এর আগে সকালে গণভবনে আন্দোলনে নিহত আবু সাঈদসহ ৩৪ জনের পরিবারকে অর্থিক সহয়তা প্রদান করেন।

এদিকে সরকারি চাকরিতে কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে বিক্ষোভ, সংঘর্ষ, সংঘাত, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় সারা দেশে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর গ্রেপ্তার অভিযান অব্যাহত থাকে। সব মিলিয়ে রোববার পর্যন্ত রাজধানী ঢাকাসহ সারা দেশে গ্রেপ্তার হয়েছেন ১০ হাজার ২৮ জন। এইদিন রাজধানীতে সহিংসতার বিভিন্ন ঘটনায় আরও ২২টি মামলা হয়। এ নিয়ে রাজধানীতে মোট মামলার সংখ্যা দাঁড়ায় ২২৯ এবং গ্রেফতার সংখ্যা দাঁড়ায় ২ হাজার ৭৬৪ জনে।

কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সংঘাত-সংঘর্ষে হতাহতদের তালিকা প্রকাশের দাবি জানায় বাম গণতান্ত্রিক জোট, ফ্যাসিবাদবিরোধী বাম মোর্চা ও বাংলাদেশ জাসদ। একই সঙ্গে হত্যায় জড়িতদের বিচার দাবি করেন তারা।

রোববার সচিবালয়ে তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান জানান, সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকে ঘিরে সংঘাত-সংঘর্ষে এখন পর্যন্ত ১৪৭ জন মারা গেছেন।

এইদিন ইসলামী আন্দোলন বাংলাদেশের পক্ষ থেকে বলা হয়, নির্বিচারে হত্যাকাণ্ড, মামলা ও গ্রেফতার চলতে পারে না।

## আলী রীয়াজ

নিশ্চিত করা। খসড়া তৈরি হয়ে গেছে, এখন মতামত নেওয়ার পালা।" রোববার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে দ্বিতীয় ধাপের সংলাপের ১৯তম দিনের উদ্বোধনী বক্তব্যে এসব কথা বলেন তিনি। তিনি আরও বলেন, খসড়াটি প্রাথমিকভাবে চূড়ান্ত হলেও দলগুলোর মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধনী আনা হবে। তবে তিনি পরিষ্কার করে জানান, খসড়া নিয়ে সংলাপে আনুষ্ঠানিকভাবে আলোচনা হবে না। "যদি বড় ধরনের মৌলিক আপত্তি আসে, তাহলে আলোচনা করা হবে, অন্যথায় নয়," বলেন আলী রীয়াজ। সনদের কাঠামো প্রসঙ্গে তিনি বলেন, "খসড়ায় দেশের বর্তমান প্রেক্ষাপটের পটভূমি, সমস্যার বিশ্লেষণ এবং ভবিষ্যতের জন্য দলগুলোর প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত থাকবে। এতে থাকবে একটি ভূমিকা, একটি কাঠামো এবং সম্মিলিত প্রতিশ্রুতি।" তিনি জানান, সনদে স্বাক্ষরের জন্য একটি নির্দিষ্ট দিন বরাদ্দ করা হবে এবং চলমান সংলাপ ৩১ জুলাইয়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্য রয়েছে। কমিশনের তথ্যানুযায়ী, এ পর্যন্ত ১০টি বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য হয়েছে, ৭টি বিষয়ে আলোচনা অসমাপ্ত রয়েছে এবং ৩টি বিষয়ে এখনো আলোচনা শুরু হয়নি। সংলাপটি সঞ্চালনা করেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। এ সময় আরও উপস্থিত ছিলেন বিচারপতি এমদাদুল হক, ড. বদিউল আলম মজুমদার, ড. ইফতেখারুজ্জামান, ড. আইয়ুব মিয়া ও সফর রাজ হোসেন। এই জাতীয় সনদকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে নতুন করে সংলাপের স্পেস তৈরি হচ্ছে বলেই বিশ্লেষকরা মনে করছেন।

## বৈষম্যবিরোধী'র ৫ নেতা গ্রেপ্তার

আটক করে এবং পরবর্তীতে তাদের গ্রেপ্তার দেখানো হয়। গুলশান থানার ডিউটি অফিসার উপপরিদর্শক (এসআই) আঞ্জুমান আরা রোববার দুপুরে এ তথ্য নিশ্চিত করে বলেন, "চাঁদাবাজির ঘটনায় গুলশান থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলায় পাঁচজনকে আসামি করা হয়েছে। তারা বর্তমানে পুলিশ হেফাজতে রয়েছে।" গ্রেফতারকৃতরা হলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ঢাকা মহানগর শাখার আহবায়ক ইব্রাহিম হোসেন মুন্না, সদস্য মোঃ সাকাদাউন, সাদাব, জ্যেষ্ঠ সংগঠক আব্দুর রাজ্জাক বিন সুলাইমান ওরফে রিয়াদ, ও কেন্দ্রীয় ক্রীড়া সেলের সদস্য আমিনুল ইসলাম। এ ঘটনায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দপ্তর সম্পাদক শাহাদাত হোসেনের সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে তিনজনকে সাংগঠনিক শৃঙ্খলাভঙ্গের অভিযোগে সংগঠন থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতরা হলেন- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঢাকা মহানগর শাখার আহ্বায়ক ইব্রাহিম হোসেন মুন্না, সদস্য মো. সাকাদাউন সিয়াম ও সাদমান সাদাব। বিজ্ঞপ্তিতে বলা হয় সাংগঠনিক নীতিমালা ও শৃঙ্খলাপরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঢাকা মহানগর শাখার আহ্বায়ক ইব্রাহিম হোসেন মুন্না, সদস্য মোঃ সাকাদাউন সিয়াম ও সাদাবকে সাংগঠনিক পদ থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হলো। সেখানে আরও বলা হয়, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সভাপতি রিফাত রশিদ ও সাধারণ সম্পাদক হাসান ইনাম এ সিদ্ধান্ত অনুমোদন করেন এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সব পর্যায়ের নেতাকর্মীদের তাদের সঙ্গে কোনোরকম সাংগঠনিক সম্পর্ক না রাখার জন্য নির্দেশনা দেন। গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাফিজুর রহমান জানান, কিছুদিন আগে অভিযুক্ত পাঁচজন যুবক নিজেদের 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'-এর সমন্বয়ক পরিচয় দিয়ে শাম্মী আহমেদের গুলশানের বাসায় যান। সেসময় তারা সাবেক সংসদ সদস্যের বিরুদ্ধে নানাবিধ অভিযোগ রয়েছে এবং সেগুলো 'দমন' করার বিনিময়ে তারা ৫০ লাখ টাকা চাঁদা চান। তাদের দাবির মুখে পরিবারের পক্ষ থেকে প্রথমবার ১০ লাখ টাকা পরিশোধ করা হয় বলে অভিযোগে উল্লেখ করা হয়। পরে শনিবার রাতে তারা আবার ওই বাসায় যান এবং স্বর্ণালঙ্কার দাবি করেন। এসময় বাড়ির সদস্যরা পুলিশের সহায়তা চাইলে গুলশান থানা পুলিশ দ্রুত অভিযান চালিয়ে তাদের আটক করে। ভুক্তভোগী শাম্মী আহমেদের পরিবার গুলশান থানায় একটি চাঁদাবাজির মামলা দায়ের করে। পুলিশের প্রাথমিক জিজ্ঞাসাবাদে অভিযুক্তরা অর্থ নেওয়ার কথা অস্বীকার করলেও ঘটনাস্থলে উপস্থিত প্রত্যক্ষদর্শী ও সিসিটিভি ফুটেজের ভিত্তিতে তদন্ত এগিয়ে চলছে। ওসি হাফিজুর রহমান আরও বলেন, " এই ঘটনার পেছনে আরও কেউ জড়িত আছে কি না, কিংবা সংগঠনের নামে তাদের উদ্দেশ্য কী ছিল, সেটি আমরা খতিয়ে দেখছি। এ ঘটনায় রাজনৈতিক প্রভাব বা উদ্দেশ্য আছে কি না, সেটিও তদন্তের আওতায় আনা হচ্ছে।"

## মেহেরপুরে গণসংযোগ ও বিক্ষোভ

গণসংযোগ কর্মসূচিতে নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস। তার সঙ্গে ছিলেন বিএনপি নেতা আব্দুল বারী ফার, আরিবি ইকবাল, আব্দুস সাত্তার মুক্তা, এসকে বুয়ালি পল্টু, কিয়ামদ্দিনসহ বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

গণসংযোগ শেষে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়, যা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। মিছিলে বিএনপির নেতাকর্মীরা সম্প্রতি ঘোষিত নতুন কমিটি বাতিলের দাবিতে উত্তপ্ত স্লোগান দিতে থাকেন। নেতারা অভিযোগ করেন, নতুন কমিটিগুলো গঠনের ক্ষেত্রে দলের ত্যাগী, আদর্শিক এবং দীর্ঘদিন মাঠে সক্রিয় কর্মীদের উপেক্ষা করে অযোগ্য ও অনুগত ব্যক্তিদের মনোনয়ন দেওয়া হয়েছে। এতে করে দলীয় চেতনা ও সংগঠন দুর্বল হচ্ছে বলে তাদের দাবি। বিক্ষোভে নেতারা স্পষ্ট জানান, এসব কমিটি বাতিল করে তৃণমূলের মতামতের ভিত্তিতে নতুন করে গঠন না করা হলে তারা আন্দোলন আরও বেগবান করবেন।

## নির্বাচন বর্জনের বার্তা, মাঠে তৎপর জামায়াত

বিএনপিও তাদের মতো করে রূপরেখা মেনে নিক। দলটি বর্তমানে ২৯৬টি আসনে প্রার্থী ঘোষণা করেছে, যদিও দলটির শীর্ষ নেতারা বলেছেনড়আসন সমঝোতা হলে কোনো কোনো প্রার্থীকে নির্বাচন থেকে সরিয়ে নেওয়া হবে। প্রতিটি নির্বাচনী এলাকায় ২০-৫০ সদস্যবিশিষ্ট ভোটকেন্দ্রভিত্তিক কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির কাজ স্থানীয় ভোটার তালিকা হালনাগাদ, প্রচার ও জনসংযোগ, জনমত জরিপ ও সংগঠনের শক্তি যাচাই। একাধিক সাংগঠনিক অঞ্চলের পরিচালকরা জানিয়েছেন, রংপুর, খুলনা, রাজশাহী ও ঢাকার বেশ কয়েকটি আসনে বিএনপির প্রতিদ্বন্দ্বী হওয়ার মতো সংগঠন গড়ে তুলেছে জামায়াত। প্রধান উপদেষ্টা ডঃ মুহাম্মদ ইউনূস ঘোষিত নির্বাচনকাল (২০২৫ সালের ডিসেম্বর থেকে ২০২৬ সালের জুন) জামায়াত সমর্থন করেছে। পরবর্তীতে সরকারের তরফ থেকে জানানো হয়, ২০২৬ সালের এপ্রিলের প্রথমার্ধে নির্বাচন অনুষ্ঠিত হতে পারে। জামায়াত এটিও মেনে নেয়। তবে বিএনপির সঙ্গে সরকারের যৌথ বিবৃতিতে বলা হয়, রমজানের আগে নির্বাচন হতে পারে (অর্থাৎ ২০২৫ সালের ফেব্রুয়ারির মধ্যে)। এই যৌথ ঘোষণায় জামায়াত 'নিরপেক্ষতা হারানোর' অভিযোগ তোলে প্রধান উপদেষ্টার বিরুদ্ধে। জামায়াতের বক্তব্য নির্বাচনের আগে মাঠ প্রশাসন, নির্বাচন কমিশন, দলীয় সহিংসতা ও প্রশাসনের নিরপেক্ষতা নিশ্চিত না হলে ২০০৮ সালের পুনরাবৃত্তি হতে পারে, যেখানে আওয়ামী লীগ অস্বাভাবিক সংখ্যাগরিষ্ঠতা পেয়েছিল। ইতিমধ্যে জামায়াত ইসলামী আন্দোলন বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়িয়েছে। কওমি ঘরানার দলগুলো যেমন হেফাজতপন্থি দল, খেলাফত মজলিস, নেজামে ইসলাম পার্টিসহ ইসলামপন্থিদের নিয়ে নির্বাচনী সমঝোতা গঠনের চেষ্টা করছে। ১৯ জুলাইয়ের সমাবেশে এসব দল একসঙ্গে অংশ নেয়, যার মাধ্যমে রাজনৈতিক ঐক্য গড়ার প্রক্রিয়া ত্বরান্বিত হয়েছে। জামায়াতের এক কেন্দ্রীয় নেতা বলেন, "জোট নয়, আমরা আসনভিত্তিক সমঝোতা চাচ্ছি। বিএনপিতে মনোনয়নপ্রত্যাশী বেশি হওয়ায় তারা আসন ছাড়তে চায় না। তাই বৃহত্তর সমঝোতা হলে আমরা ২০০ আসন পর্যন্ত ছাড় দিতেও প্রস্তুত।"

জামায়াত শুধু দলীয় পর্যায়ে নয়, সরকারি উপদেষ্টা, সেনা কর্মকর্তা এবং সুশীল সমাজের সঙ্গেও যোগাযোগ চালিয়ে যাচ্ছে। গত মে মাসে সেনাপ্রধান ওয়াকার-উজ-জামানের সঙ্গে জামায়াতের শীর্ষ নেতারা বৈঠক করেন। প্রধান উপদেষ্টার সঙ্গেও সম্প্রতি বৈঠক হয়েছে, যেখানে তারা "নির্বাচনের পরিবেশ শান্তিপূর্ণ রাখতে হবে" বলে জোর দিয়েছেন দলের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, "প্রধান উপদেষ্টাও শান্তিপূর্ণ পরিবেশের গুরুত্ব বুঝেছেন। আমরা রাজনৈতিক সংঘর্ষ এড়িয়ে একটি স্বচ্ছ নির্বাচন চাই।" জামায়াতে ইসলামী একদিকে নির্বাচনের প্রক্রিয়া ও কাঠামো নিয়ে প্রশ্ন তুলছে, অন্যদিকে নির্বাচনমুখী প্রস্তুতি জোরদার করছে। এ দ্বৈত কৌশল কিছুটা ধোঁয়াশা তৈরি করলেও মূলত এটি রাজনৈতিক ভারসাম্য রক্ষার একটি উপায়। বিশ্লেষকরা বলছেন, জামায়াত চাচ্ছে নিজেদের রাজনৈতিক প্রাসঙ্গিকতা ধরে রাখতে, বিকল্প সরকার গঠনে অংশীদার হওয়ার সুযোগ তৈরি করতে এবং ইসলামপন্থি দলগুলোর নেতৃত্বে পুনঃপ্রতিষ্ঠা লাভ করতে। তাদের অবস্থান নির্বাচনের সময় ঘনিয়ে এলে আরও স্পষ্ট হবে। তবে এটুকু বলা যায়, জামায়াত এবার নির্বাচন বর্জন নয়, অংশগ্রহণের কৌশলেই এগোচ্ছেড় তবে শর্তসাপেক্ষে।

## ঝিনাইদহে গার্মেন্টস শ্রমিকের

পাঠানো তালাকনামা বাড়িতে পৌঁছালে উদ্বিগ্ন হয়ে তার খোঁজ শুরু করেন স্বজনরা। পরে বিষয়খালী বাজারের ভাড়া বাসায় গিয়ে দরজা ভেঙে ভেতরে তরিকুলের মরদেহ দেখতে পান। ভাগ্নে ইয়াসিন বলেন, "তালাকের পর মানসিকভাবে ভেঙে পড়েন মামা। হয়তো হৃদরোগে আক্রান্ত হয়ে অথবা ঘুমের ওষুধ খেয়ে আত্মহত্যা করেছেন।" তিনি আরও জানান, মামা গার্মেন্টসের চাকরি করে বেশ কিছু টাকা জমিয়েছিলেন। কিন্তু সেই টাকা শেষ হলে সংসারে টানাপোড়েন শুরু হয়। এরই মধ্যে স্ত্রী তাকে ছেড়ে চলে যান। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন জানান, মরদেহটি এতটাই গলিত যে চেনার উপায় ছিল না। ধারণা করা হচ্ছে, এক সপ্তাহের বেশি সময় আগেই মৃত্যু হয়েছে। প্রাথমিকভাবে আত্মহত্যা কিংবা হৃদরোগে মৃত্যু বলে মনে করা হচ্ছে। মরদেহ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। রিপোর্ট পেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।পুলিশ এ বিষয়ে একটি অপমৃত্যুর মামলা করেছে।

## ছাত্রীকে উত্ত্যক্ত: ভ্যানচালককে

একই ঘটনা ঘটায় সে বাধ্য হয়ে জানায়।" শুধু আজকের ঘটনাই নয়, অভিযোগ রয়েছে এর আগেও ২১ জুলাই একই চালক একই ছাত্রীর প্রতি অনাকাঙ্ক্ষিত আচরণ করেন। তখন ভয়ে কিংবা লজ্জায় বিষয়টি গোপন রাখলেও পুনরাবৃত্তির পর আর চুপ থাকতে পারেনি সে। একাধিক অভিভাবক বলেন, "বাচ্চারা স্কুলে যাচ্ছে, অথচ পথে নিরাপদ নয়ড়এটা খুবই উদ্বেগজনক। আমরা প্রশাসনের কাছে অনুরোধ জানাচ্ছি, এমন অপরাধের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হোক।" ঘটনার পর সন্ধানী স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক, স্থানীয় জনপ্রতিনিধি ও সচেতন মহলের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দিয়েছে। তারা শিশুদের নিরাপত্তা নিশ্চিতে স্কুল সংলগ্ন এলাকায় যানবাহনের চলাচল ও চালকদের আচরণ তদারকির আহ্বান জানিয়েছেন। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বাণী ইসরাইল বলেন, "অভিযুক্ত আব্দুল খালেকের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনের ১০ ধারায় মামলা রুজু করা হয়েছে (মামলা নম্বর: ৩০, তারিখ: ২৭/০৭/২৫)। তাকে গ্রেফতার দেখিয়ে আদালতের মাধ্যমে জেলা কারাগারে পাঠানো হয়েছে।"

## পৌর প্রথমিক বিদ্যালয়ের প্রধান

ও গুণগ্রাহী রেখে গেছেন। রাত ৯টা ৩০ মিনিটে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের মাঠে মরহুমার জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। জানাজায় অংশ নেন জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, রাজনৈতিক-সামাজিক নেতৃবৃন্দ, শিক্ষার্থী, সহকর্মী ও সর্বসাধারণ। জানাজা শেষে তাকে মেহেরপুর কলেজ মোড় সংলগ্ন পৌর কবরস্থানে দাফন করা হয়। মরহুমা ছিলেন একজন মমতাময়ী মা, আদর্শ গৃহিণী এবং ধর্মভীরু মানুষ। জীবদ্দশায় তিনি পরিবার ও সমাজে তার নিষ্ঠা, সদাচরণ ও মানবিক গুণাবলির জন্য ছিলেন সকলের শ্রদ্ধেয় ও পরামর্শদাত্রী। তার মৃত্যুতে পরিবারের সদস্যরা শোকস্তব্ধ। তাঁরা শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন এবং মরহুমার রূহের মাগফিরাত কামনা করেছেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধি ও সাংস্কৃতিক সংগঠনগুলো। ।

## গাংনীতে গাঁজাসহ আটক দুই যুবক

গাঁজা পাচারের গোপন তথ্য পেয়ে ধলা পুলিশ ক্যাম্পের সদস্যরা অভিযান চালান। অভিযানে দুইজনকে ৪৫০ গ্রাম গাঁজাসহ হাতেনাতে আটক করা হয়। আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে রোবব-ার সকালে মেহেরপুর জেলা কারাগারে পাঠানো হয়েছে।

## মেহেরপুরে পুলিশের বিশেষ অভিযানে

তিনি আরো বলেন, নাহিদ হাসান ও নয়ন হাসান এর বিরুদ্ধে নিয়মিত মাদক মামলা রয়েছে।

চিৎলা গ্রামের মো. ইমদাদুল ছয় মাসের সাজা প্রাপ্ত এবং ৪৮ লাখ টাকা জরিমানার পরোয়ানাভুক্ত আসামি। আর মো. খালেক মন্ডল (৪৫) নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলায় গ্রেফতার হয়েছেন। গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। জেলার পুলিশ সুপার জানান, মেহেরপুরে অপরাধ দমনে এমন বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

## স্বামীর গলায় কোপ, ভারতে পালাতে

মনিরুলের সঙ্গে স্ত্রী পাপিয়ার দাম্পত্য কলহ দীর্ঘদিনের। স্বামী পরকীয়ায় জড়িত ও নির্যাতন করতেন বলে অভিযোগ করেছেন পাপিয়া। সম্প্রতি স্ত্রীকে না জানিয়ে স্বামী জমিও কেনেন। এসব নিয়ে শনিবার সকালে তিন সদস্যের পরিবারে ঝগড়া চূড়ান্ত পর্যায়ে গেলে পাপিয়া হাঁসুয়া দিয়ে স্বামীর গলায় কোপ দেন। মনিরুলের ছেলে রাজুও পলাতক। ঘটনার পর সে এক প্রতিবেশীকে ফোনে জিজ্ঞেস করে, 'বাবা কি মারা গেছে?' পুলিশ জানিয়েছে, হত্যার পর ঘর থেকে একটি হাঁসুয়া ও কুড়াল উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় নিহতের ভাই বাদী হয়ে মামলা করেছেন।

## মেহেরপুরে বৃক্ষ রোপণ অভিযান ও

প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। র‍্যালিতে সরকারি কর্মকর্তা, স্কুল-কলেজের ছাত্রছাত্রী, বিভিন্ন সংগঠনের প্রতিনিধিসহ সাধারণ মানুষ অংশ নেন। র‍্যালিতে স্লোগান দিয়ে বৃক্ষরোপণের গুরুত্ব তুলে ধরা হয়। র‍্যালি শেষে জেলা প্রশাসক সিফাত মেহনাজ ফিতা কেটে আনুষ্ঠানিক ভাবে বৃক্ষ রোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন করেন। তিনি বলেন, "আমাদের শ্বাস-প্রশ্বাসের সঙ্গে জড়িত এই প্রকৃতিকে রক্ষা করাই বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের দায়িত্ব। পরিকল্পিতভাবে বনায়ন করতে পারলে পরিবেশ দূষণ রোধসহ বিভিন্ন ধরনের প্রাকৃতিক বিপর্যয় এড়ানো সম্ভব।"

উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আব্দুল করিম, জেলা বন কর্মকর্তা এসটি হামিম হায়দার, ব্র্যাক প্রতিনিধি মনিরুল হুদাসহ প্রশাসনের নানা পর্যায়ের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এরপর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সামাজিক বন বিভাগের কুষ্টিয়ার বিভাগীয় বন কর্মকর্তা মোঃ রেজাউল আলমের সভাপতিত্বে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম। বক্তব্য রাখেন, ব্র্যাক এর জেলা সমন্বয়ক মজিবুল হুদা, সুবা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মৈনুল ইসলা প্রমুখ।

আলোচনা সভায় বন বিভাগের বিভিন্ন কর্মকর্তা ও এনজিও প্রতিনিধিরা বৃক্ষরোপণ ও বনায়ন সম্পর্কিত তাদের কার্যক্রম তুলে ধরেন এবং জনগণকে সচেতন করতে বিভিন্ন কার্যক্রমের কথা বলেন। বৃক্ষমেলায় মোট ১৮টি স্টল বসানো হয়েছে যেখানে বিভিন্ন প্রজাতির ফলদ, বনজ ও ছায়া প্রদায়ী গাছের চারা প্রদর্শিত হয়েছে। মেলায় অংশগ্রহণকারীরা গাছের পরিচর্যা, সঠিক রোপণ পদ্ধতি ও বনায়ন বিষয়ক তথ্য সংগ্রহ করেন। জেলা বন কর্মকর্তা এসটি হামিম হায়দার জানান, "এই মেলার মাধ্যমে স্থানীয় মানুষের মধ্যে বনায়ন ও পরিবেশ রক্ষায় সচেতনতা বৃদ্ধি পাবে, যা পরিবেশকে সবুজ ও প্রাণবন্ত রাখতে সাহায্য করবে।"

## মেহেরপুরে পানির অভাবে কৃষি

ঋণ করে দিন গুজরান করছেন, কেউ কেউ কৃষি ছেড়ে শহরমুখী হচ্ছেন। গাংনীর মানিকদিয়া গ্রামের ক্ষুদ্র কৃষক আবদুল মালেক বলেন, "আমার দুই বিঘা জমি আছে। আগে ধান-কলাই চাষ করতাম। এখন সেচ দিতে গিয়ে মোটরই পুড়ে গেছে। এত গভীরে পানি, নলকূপে আর পানি উঠে না। কীভাবে চাষ করব?" জেলার অর্থনীতির প্রায় ৭০ শতাংশই কৃষিকে ঘিরে। কৃষিপণ্য উৎপাদন, বাজার, পরিবহন ও শ্রমজীবী মানুষের আয়ের বড় অংশই এই খাতের উপর নির্ভরশীল। সেচ ব্যবস্থা ভেঙে পড়ায় পুরো অর্থনীতিতে স্থবিরতা দেখা দিয়েছে। শুধু মাঠের চাষাবাদ নয়, গৃহস্থালির পানির জোগানেও দেখা দিয়েছে তীব্র সংকট। অনেক পরিবার দিনে ৪-৫ মাইল দূরের পুকুর বা গভীর নলকূপ থেকে পানি সংগ্রহ করছে। এতে নারী ও শিশুরা পড়ালেখা ও গৃহস্থালির কাজে ব্যাঘাতের শিকার হচ্ছেন। খুলনা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞানী ড. হাসানুজ্জামান বলেন, "ভূগর্ভস্থ পানির সংকট এখন শুধু কৃষি বা জনস্বাস্থ্যের সীমায় নেই, এটি জাতীয় নিরাপত্তারও অংশ। মেহেরপুরে যেভাবে খাল-বিল, পুকুর ভরাট হয়ে গেছে, খোলা জলাশয় হারিয়ে গেছে এভাবে চলতে থাকলে আগামী ৫ বছরে মরুকরণের শঙ্কা আছে।" জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রতিটি ইউনিয়নে গভীর নলকূপ বসানোর উদ্যোগ নিয়েছে। প্রায় ৮৫টি নলকূপ বসানোর কাজ চলছে। তবে স্থানীয়দের অনেকে বলছেন, এই উদ্যোগ যথেষ্ট নয়। জেলা প্রশাসকের কার্যালয়ের এক কর্মকর্তা জানান, আমরা দ্রুত ব্যবস্থা নিচ্ছি। তবে এই সংকট একদিনে তৈরি হয়নি, একদিনে সমাধানও সম্ভব নয়। বিকল্প সেচ পদ্ধতি ও কৃষকদের সচেতন করার কাজ চলছে। বিশেষজ্ঞরা বলছেন, টেকসই সমাধানের জন্য স্থানীয় জলাশয় খনন, খালবিল পুনঃখনন, রেইন ওয়াটার হারভেস্টিং, নিয়ন্ত্রিত পানির উত্তোলন ও সৌরচালিত সেচ পদ্ধতির বিকল্প নেই। এর পাশাপাশি প্রয়োজন জনগণের সক্রিয় অংশগ্রহণ ও গণসচেতনতা।

## মেহেরপুরে অনলাইন ক্যাসিনো

প্রতিটি লেনদেন বা রেফারে ১০-২০% কমিশন অর্জন। জেতা টাকা নিজের মাধ্যমে ক্যাশ আউট করে দেওয়া যেখানে থেকেও তারা কমিশন কেটে নেয়। আর এসব কমিশনের একটা অংশ নিয়মিত দিতে হতো তৎকালিন আওয়ামী সরকারের প্রভাবশালী নেতাদের। আর আওয়ামী লীগের এই নেতাদের নিয়ন্ত্রন করতেন পতিত আওয়ামী সরকারের জনপ্রশাসন মন্ত্রী পত্নী হোসেন মোনালিসা। কমিশন প্রদানের বিপরিতে তারা নির্বীগ্নে ব্যাবসা পরিচালনা করেছে সেসময়। আওয়ামী সরকারের পতনের পর প্রশাসনের কিছু লোক ও বিএনপির কিছু প্রভাবশালি নেতা এ কমিশন গ্রহন করতে শুরু করে। য় নিয়ে পত্রপত্রিকায় একাধিক লেখালেখি ও প্রশাসনের অনলাইন জুয়ার সাথে সম্পৃক্ত অডিও রেকর্ড ভাইরাল হয়। এরপর থেকে অনলাইন জুয়ার মাস্টার মাইন্ড কেউ কেউ বিদেশে চলে গেছে । আবার কেউ কেউ দেশেয় গা ঢাকা দিয়ে আছে। মেহেরপুর শহরের কিছু এজেন্ট প্রভাবশালি আওয়ামি পরিবারের হওয়ায় সে সময় ধরা ছোওয়ার বাইরে থেকে গেছে, তারা এখন বিদেশে। পালানো এই নেতারা অনলাইন জুয়ার মাস্টার মাইন্ডের সাথে যোগাযোগ রেখে জুয়া পরিচালনা করছে। মেহেরপুর শহরের চৌধুরীপাড়া এলাকার এক যুবক জানান, "দুই মাসে ৪০ জন লোক রেফার করছি। ওরা দেড়-দুই লাখ টাকা পর্যন্ত ইনভেস্ট করে। আমি প্রতি লেনদেনে কমিশন পাই, জেতা টাকা ওদের বিকাশে দিই। কেউ কেউ সব হেরে বসে, আবার কেউ ২০-৩০ হাজার টাকা পর্যন্ত জেতে।" গাংনী উপজেলার এক অভিভাবক নাম প্রকাশ না করার শর্তে বলেন, "আমার ছেলে শুরুতে শুধু 'গেম খেলত', এখন সে দিনের পর দিন টাকা চায়। শুনছি কেউ কেউ পাঁচ হাজার টাকা জমা দিয়ে লাখ টাকার লোভে নিঃস্ব হয়ে গেছে।" স্থানীয় এক মোবাইল ব্যাংকিং এজেন্ট জানান, "আমার কাছ থেকে দিনে ৩০ জন ক্যাশ আউট করে। তারা জানায়, অনলাইন ক্যাসিনোর টাকা উঠাচ্ছে। কেউ কেউ টাকা পাঠিয়ে বলে, 'ভাই, এই নাম্বারে রিচার্জ দেন।' আমি জানি এগুলো সব জুয়ার জন্য। কিন্তু বাধা দিলে ওরা অন্য কাউকে খুঁজে নেয়।" আইন ও প্রশাসনের দৃষ্টিকোণে জুয়া আইন ১৮৬৭ অনুযায়ী, বাংলাদেশে যেকোনো ধরণের জুয়া ও ক্যাসিনো পরিচালনা আইনত দণ্ডনীয় অপরাধ। কিন্তু অনলাইন প্ল্যাটফর্মগুলো দেশের বাইরে থাকায় স্থানীয় প্রশাসনের নিয়ন্ত্রণ কার্যত সীমিত। মেহেরপুর পুলিশ বলছে, "আমরা অনলাইনের মাধ্যমে অবৈধ লেনদেন, বিশেষ করে জুয়া সংক্রান্ত কর্মকাণ্ডের বিষয়ে সতর্ক। তবে অধিকাংশ লেনদেন ব্যক্তিগত অ্যাকাউন্টে হচ্ছে, যেগুলো শনাক্ত কঠিন। প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা পেলে আমরা ব্যবস্থা নিতে পারি। সমাজ বিজ্ঞানী ড. আব্দুর রহমান বলেন, "তরুণ সমাজ অর্থ ও উত্তেজনার খোঁজে এই 'নতুন আসক্তি'তে জড়িয়ে পড়ছে। এর প্রভাব শুধু আর্থিক নয় মানসিক স্বাস্থ্য, পড়াশোনা ও পারিবারিক পরিবেশও ঝুঁকির মুখে পড়ছে।" মেহেরপুরে অনলাইন ক্যাসিনো জুয়ার এ বিস্তার প্রশাসনের নজর এড়িয়ে হলেও সমাজে এর প্রভাব গভীর ও দীর্ঘস্থায়ী হতে পারে। কমিশনভিত্তিক এই অবৈধ বাণিজ্য শুধু যুব সমাজ নয় একটি গোটা প্রজন্মকে প্রযুক্তিনির্ভর জুয়া ও ক্ষতির দিকে ঠেলে দিচ্ছে। সরকারি নজরদারি, প্রযুক্তিগত নিয়ন্ত্রণ ও জনসচেতনতা ছাড়া এই প্রবণতা থামানো কঠিন এমন মতই দিচ্ছেন সংশ্লিষ্টরা।